

নিউইয়র্কে ইন্সুর‍্যান্স কমছে পঞ্চাশোর্ধ্ব চালকদের

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে পঞ্চাশোর্ধ্ব সিনিয়র চালকদের জন্য নতুন একটি নীতি চালু হয়েছে। যার ফলে অনেকেই গাড়ির বীমা খরচে উল্লেখযোগ্য ছাড় পেতে ৭-এর পৃষ্ঠায় দেখুন

ভুয়া ম্যাসেজে 'জরিমানার ফাঁদ' প্রতারকদের

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে গাড়ি চালকদের লক্ষ্য করে নতুন ধরনের প্রতারণা শুরু করেছে প্রতারণা চক্র। ভুয়া টেক্সট মেসেজের মাধ্যমে জরিমানা বকেয়া ও লাইসেন্স স্থগিতের ভয় দেখিয়ে ব্যক্তিগত তথ্য ও অর্থ হাতিয়ে নেওয়ার চেষ্টা করছে প্রতারকরা। এমনটি জানিয়ে সতর্কতা জারী করেছে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোট ভ্যাহিকেল (ডিএমভি)।

ডিএমভি জানিয়েছে, মোবাইলে ম্যাসেজ বার্তায় দাবি করা হচ্ছে যে প্রাপকের ট্রাফিক জরিমানা বকেয়া রয়েছে এবং দ্রুত পরিশোধ না করলে তার ড্রাইভিং লাইসেন্স বাতিল বা স্থগিত করা হবে। অনেক ক্ষেত্রে ৮-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 26 / March 23, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ২৬ ॥ সোমবার, মার্চ ২৩, ২০২৬, চৈত্র ০৯, ১৪৩২ ॥ শাওয়াল ০৩, ১৪৪৭

সোমবার থেকে বিমানবন্দরে আইস মোতায়েন



- ডিএইচএস আংশিক শাটডাউন টিএসএ কর্মী সংকট
- সমোঝতার চেষ্টায় সিনেট-হোয়াইট হাউস
- আইস মোতায়েনের পরিকল্পনা চুড়ান্ত
- পরিস্থিতি নিয়ে বাড়ছে উদ্বেগ

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ডিএইচএস তহবিল নিয়ে প্রায় ৫ সপ্তাহ ধরে চলা আংশিক শাটডাউনে যুক্তরাষ্ট্রের এয়ারপোর্টে অনেক টিএসএ কর্মীরা বেতন ছাড়া কাজ বন্ধ করে দিচ্ছেন। এতে করে টিএসএ কর্মী সংকটে যুক্তরাষ্ট্রের বিমানবন্দরগুলোতে বাড়ছে বিশৃঙ্খলা ও দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকায় যাত্রীরাও ভোগান্তিতের পড়ছেন। দ্রত ডিএইচএস তহবিল সংকট সমাধান না হলে এই পরিস্থিতি আরো নাজুক হতে পারে চলতি সপ্তাহে।

এদিকে শনিবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে বলেছেস ডিএইচএস তহবিল নিয়ে সমঝোতা না হলে এয়ারপোর্টে টিএসএ চেকিংয়ের জন্য আইস এজেন্টদের মোতায়েন করা হবে সোমবার থেকে । এর একদিন পর ট্রাম্প প্রশাসনের বর্ডার জার টম হোম্যান জানিয়েছেন সকল বিমানবন্দরে টিএসএ'কে সহায়তার জন্য আইস এজেন্টদের মোতায়েন চুড়ান্ত এবং সোমবার থেকে তাদেরকে মোতায়েন করা হচ্ছে। ৭-এর পৃষ্ঠায় দেখুন

টিএসএ কর্মী সংকট বাড়ছে বিমানবন্দরগুলোতে



রেকর্ড সংখ্যক টিএসএ কর্মী অনুপস্থিত

দীর্ঘ হচ্ছে যাত্রীদের দুর্ভোগ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে চলমান আংশিক সরকারি অচলাবস্থার মধ্যে টিএসএ কর্মী সংকটে বিমানবন্দর নিরাপত্তা ব্যবস্থায় বিশৃঙ্খলা দেখা দিয়েছে। বেতন না পেয়ে কাজে অনুপস্থিত থাকছেন রেকর্ড সংখ্যক পরিবহন নিরাপত্তা প্রশাসনের কর্মীরা, যার সরাসরি প্রভাব পড়ছে যাত্রীসেবায়। দীর্ঘ হচ্ছে নিরাপত্তা লাইনের অপেক্ষার সময়, তৈরি হচ্ছে বিশৃঙ্খল পরিস্থিতি।

সরকারি তথ্য অনুযায়ী, শনিবার একদিনেই তিন হাজার দুইশ পঞ্চাশের বেশি নিরাপত্তা কর্মকর্তা কাজে অনুপস্থিত ছিলেন, যা মোট নির্ধারিত কর্মীর প্রায় ১১ দশমিক ৫১ শতাংশ। এটি চলমান অচলাবস্থার মধ্যে সর্বোচ্চ অনুপস্থিতির হার। টানা কয়েক সপ্তাহ ধরে বেতন না পাওয়ায় অনেক কর্মী বাধ্য হয়ে বিকল্প আয়ের পথ খুঁজছেন, আবার কেউ কেউ সম্পূর্ণভাবে চাকরি ছেড়ে দিচ্ছেন।

সি বি এস নিউজ জানায়, যুক্তরাষ্ট্রের বিভিন্ন বড় বিমানবন্দরে দীর্ঘ লাইন এখন নিয়মিত দৃশ্য। নিউইয়র্কের লাগার্ডিয়া বিমানবন্দরে এক ৭-এর পৃষ্ঠায় দেখুন

৩৯ ট্রিলিয়ন ডলার ছাড়িয়েছে যুক্তরাষ্ট্রের ঋণ, যুদ্ধ নিয়ে উদ্বেগ বাড়ছে

বাংলা পত্রিকা রিপোর্ট: ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু হওয়ার মাত্র কয়েক সপ্তাহের মাথায় যুক্তরাষ্ট্রের জাতীয় ঋণের বোঝা রেকর্ড ৩৯ ট্রিলিয়ন (৩৯ লাখ কোটি) ডলারের মাইলফলক অতিক্রম ৭-এর পৃষ্ঠায় দেখুন

ক্রেডিট কার্ড বা ডিজিটাল পেমেন্টের পাশাপাশি নিউইয়র্ক স্টেটে ক্যাশ পেমেন্ট কার্যকর

বাংলা পত্রিকা রিপোর্ট: ক্রেডিট কার্ড বা ডিজিটাল পেমেন্টের পাশাপাশি এখন থেকে নিউইয়র্ক স্টেটের সব দোকান ও রিটেইল ব্যবসায় নগদ অর্থ গ্রহণ বা ক্যাশ পেমেন্ট বাধ্যতামূলক করা হয়েছে। নতুন আইন অনুযায়ী শনিবার থেকে স্টেটজুড়ে কার্যকর হয়েছে। ২০২০ সাল থেকে নিউইয়র্ক সিটিতে ক্যাশ পেমেন্ট কার্যকর থাকলেও এখন থেকে স্টেটজুড়ে এটি ৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটির সড়কজুড়ে হাজারো 'বিপৎজনক পটহোল'

স্থায়ী সমাধানে ৪৬ মিলিয়ন বরাদ্দের দাবি সিটি কাউন্সিলে



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে সড়কজুড়ে পটহোল বা গর্ত এখন শুধু মৌসুমি সমস্যা নয়, পূর্ণাঙ্গ মেরামতের অভাবে পটহোল বা গর্ত স্থায়ী সমস্যা ও প্রাণঘাতি হয়ে ওঠেছে। সম্প্রতি তীব্র শীত ও রেকর্ড তুষারঝড়ে সড়কজুড়ে তুষার জমাট বেধে এ সমস্যা সিটিতে আরো প্রকট আকার ধারণ করেছে। সিটিতে সড়কজুড়ে রেকর্ডসংখ্যক ছোট-বড় পটহোল বা গর্তের সৃষ্টি হওয়া চরম ঝুঁকি নিয়ে গাড়ি চালাতে হচ্ছে চালকদের। পটহোলের ৮-এর পৃষ্ঠায় দেখুন

মানসিক সংকটে সাড়া দিতে নিউইয়র্ক সিটিতে 'কমিউনিটি সেফটি অফিস' গঠন

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিতে বসবাসকারীদের মানসিক স্বাস্থ্য সংকট মোকাবিলায় নতুন উদ্যোগ ঘোষণা করেছেন মেয়র জোহরান ১০-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

নিউইয়র্ক সিটিতে অতিরিক্ত ইউনিট নির্মাণে
বাড়ির মালিকরা পাবেন সর্বোচ্চ প্রায় ৪ লাখ ডলার সহায়তা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে আবাসন সংকট কমাতে বাড়ির মালিকদের জন্য আর্থিক সহায়তার নতুন সুযোগ তৈরি করেছে সিটি প্রশাসন। এর আওতায় বাড়ির ভিতর বা ব্যাক ইয়ার্ডে খালি পড়ে থাকা জায়গায় অতিরিক্ত ঘর বা ইউনিট নির্মাণে সর্বোচ্চ ৩ লাখ ৯৫ হাজার ডলার পর্যন্ত আর্থিক সহযোগিতা পেতে পারেন নিউইয়র্ক সিটির বাড়ির মালিকরা।

জানা গেছে "প্লাস ওয়ান" কর্মসূচি যার মাধ্যমে যোগ্য বাড়ির মালিকরা সর্বোচ্চ ৩ লাখ ৯৫ হাজার ডলার পর্যন্ত ৭-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বাংলাদেশে ঈদে সড়কে প্রাণ গেলো ২৬ জনের



বাংলা পত্রিকা ডেস্ক: ঈদে সড়কে প্রাণ হারিয়েছেন ২৬ জন। এছাড়া আহত হয়েছে আরও অনেকে। ঈদের দিন শনিবার (২১ মার্চ) রাত থেকে রোববার (২২ মার্চ) সন্ধ্যা পর্যন্ত কুমিল্লা, হবিগঞ্জ, ফেনী, কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, নওগাঁ, নাটোর ও কক্সবাজারে এসব দুর্ঘটনা ঘটে বলে ব্যুরো ও প্রতিনিধিরা জানিয়েছেন।

এর মধ্যে কুমিল্লায় ১২ জন, হবিগঞ্জে চারজন, ফেনীতে তিনজন, কিশোরগঞ্জে দুজন, সুনামগঞ্জে দুজন এবং নওগাঁ, নাটোর ও কক্সবাজারে একজন করে নিহত হয়েছেন।

কুমিল্লার সদর দক্ষিণ উপজেলায় ভয়াবহ ট্রেন-বাস সংঘর্ষে অন্তত ১২ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত ২০ জন। রোববার (২২ মার্চ) ভোরে উপজেলার জাঙ্গালিয়া কচুয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, চট্টগ্রামগামী একটি মেইল ট্রেন রেললাইন পার হওয়ার সময় মামুন পরিবহণের একটি যাত্রীবাহী বাসকে সজোরে ধাক্কা দেয়। এতে বাসটি দুমড়ে-মুচড়ে ঘটনাস্থলেই ১২ জনের মৃত্যু হয়। নিহতদের মধ্যে সাতজন পুরুষ, তিনজন নারী ও দুইজন শিশু রয়েছেন। তবে তাৎক্ষণিকভাবে তাদের পরিচয় জানা যায়নি।

পূর্বাঞ্চল রেলওয়ের ডিজিএম সুবক্তগীন বলেন, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে রেলওয়ের পক্ষ থেকে দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এছাড়া জেলা প্রশাসনের পক্ষ থেকেও একটি কমিটি কাজ শুরু করেছে।

কুমিল্লা সদর দক্ষিণ থানার ইপিজেড ফাঁড়ির উপ-পরিদর্শক সাইফুল ইসলাম জানান, দুর্ঘটনার খবর পেয়ে হাইওয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করেন। আহতদের বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়।

হবিগঞ্জের মাধবপুর উপজেলায় নিয়ন্ত্রণ হারিয়ে একটি পিকআপ ভ্যান খাদে পড়ে নারী ও শিশুসহ ৪ জন নিহত হয়েছেন। উপজেলার আন্দিউড়া এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, শনিবার (২১ মার্চ) রাতে একটি পিকআপ ভ্যান সুনামগঞ্জ থেকে কিশোরগঞ্জের উদ্দেশ্যে রওনা দেয়। পিকআপটিতে চালকসহ একটি পরিবারের তিনজন সদস্য ছিলেন। পথে আন্দিউড়া এলাকায় পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এতে গাড়িটি রাস্তার পাশের গভীর খাদে পড়ে পানিতে ডুবে যায়।

রোববার সকালে স্থানীয় লোকজন খাদে একটি ডুবন্ত পিকআপ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। পরে শায়েস্তাগঞ্জ হাইওয়ে থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পানির নিচ থেকে পিকআপটি উদ্ধার করে এবং ভেতর থেকে চারজনের লাশ বের করে আনে।

নিহতদের মধ্যে ইব্রাহীম (৪০), যার বাড়ি সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলায়; সজিব মিয়া (১২) ও আছমা আক্তার (৪০), তাদের বাড়ি কিশোরগঞ্জ জেলায়। অপর এক পুরুষের পরিচয় এখনো নিশ্চিত করতে পারেনি পুলিশ।

শায়েস্তাগঞ্জ হাইওয়ে থানার এএসআই আ. রহিম জানান, রাতের অন্ধকারে এবং রাস্তার নিয়ন্ত্রণ হারানোর কারণেই এ দুর্ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ফেনীর রামপুর এলাকায় অ্যাম্বুলেন্সের পেছনে বাসের ধাক্কায় তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছেন ৯-এর পৃষ্ঠায় দেখুন

পুলিশের গবেষণা

বেপরোয়া গাড়ি চালানো: ঈদের সময় দুর্ঘটনা বেশি

বাংলা পত্রিকা ডেস্ক: ঈদে সড়কে বাড়তি চাপ দুর্ঘটনা বাড়িয়ে তোলে। তাই এ সময় সড়ক ব্যবস্থাপনায় কর্তৃপক্ষকে বাড়তি নজর দিতে হবে।

বাস রেলক্রসিং পার হওয়ার সময় চলে আসে ট্রেন। এতে ঘটে সংঘর্ষ। এ সময় বাসটিকে অনেক দূর ঠেলে নিয়ে যায় ট্রেন। এতে বাসটি দুমড়েমুচড়ে যায়। গতকাল কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার পদুয়ার বাজার এলাকায়

বাস রেলক্রসিং পার হওয়ার সময় চলে আসে ট্রেন। এতে ঘটে সংঘর্ষ। এ সময় বাসটিকে অনেক দূর ঠেলে নিয়ে যায় ট্রেন। এতে বাসটি দুমড়েমুচড়ে যায়।

২০২৩ সালে দেশে সড়ক দুর্ঘটনায় মোট ২ হাজার ১২১ জন নিহত হন। গড়ে দিনে নিহত হন প্রায় ৬ জন। তবে ওই বছর ঈদুল আজহার আগে-পরের ছয় দিনে সড়ক দুর্ঘটনায় নিহতের সংখ্যা যদি গড় করা হয়, তবে তা ১১ ছাড়িয়ে যায়। ওই বছর ঈদুল আজহার সময় নিহত হয়েছিলেন ৭০ জন।

উৎসব আনন্দের উপলক্ষ হয়ে ওঠার কথা, অথচ ঈদের সময় সড়ক যে বিষাদের কারণ হয়ে ওঠে, তা এই পরিসংখ্যানে অনেকটাই স্পষ্ট। পুলিশের এক গবেষণায় এই চিত্র ফুটে ওঠে।

গবেষণায় সড়কে দুর্ঘটনার জন্য পাঁচটি প্রধান কারণ চিহ্নিত করা হয়েছে। তাতে দেখা যাচ্ছে, সবচেয়ে বেশি ৪২ শতাংশ দুর্ঘটনা ঘটে বেপরোয়া গাড়িতে চালানোর কারণে। এ জন্য অবশ্য চালকেরা অতিরিক্ত সময় ধরে গাড়ি চালানোর জন্য তাঁদের ক্লান্তিকে দায়ী করেছেন।

সড়ক দুর্ঘটনায় বেঁচে গেলেও আহত হন যাঁরা, তাঁদের মানসিক স্বাস্থ্যে তার প্রভাবও তুলে ৯-এর পৃষ্ঠায় দেখুন

ইরানের তেল পরিবহন ও বিক্রিতে নিষেধাজ্ঞা শিথিল করার ঘোষণা যুক্তরাষ্ট্রের



সাংবাদিকদের সঙ্গে কথা বলছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসের ওভাল অফিসে, ১৯ মার্চ ২০২৬ ছবি: রয়টার্স

দ্য গার্ডিয়ান : বিশ্ববাজারে তেলের সরবরাহ সংকট কাটাতে ইরানি তেল পরিবহন ও বিক্রির ওপর থেকে সাময়িকভাবে নিষেধাজ্ঞা শিথিল করার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। একই সঙ্গে শুক্রবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে চলমান সামরিক অভিযান 'গুটিয়ে আনার' ইঙ্গিত দিয়েছেন।

যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, বিশ্ববাজারে জ্বালানি তেলের ক্রমবর্ধমান দাম ও সরবরাহের ঘাটতি নিয়ে উদ্বেগের কারণে ইতিমধ্যে জাহাজে তোলা হয়েছে এমন ইরানি তেলের ওপর থেকে সাময়িকভাবে নিষেধাজ্ঞা তুলে নেওয়া হচ্ছে। এই অনুমতির ফলে ২০ মার্চের আগে জাহাজে তোলা ইরানের অপরিশোধিত তেল ও অন্যান্য পেট্রোলিয়াম পণ্য ১৯ এপ্রিল পর্যন্ত খালাস ও বিক্রি করা যাবে।

এদিকে নিজের সামাজিক যোগাযোগমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, 'আমরা আমাদের লক্ষ্য অর্জনের খুব কাছাকাছি পৌঁছে গেছি। এখন মধ্যপ্রাচ্যে আমাদের বিশাল সামরিক প্রচেষ্টাকে গুটিয়ে আনার কথা ভাবছি।'

গত ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া এ সংঘাতের শিগগিরই অবসান ঘটতে পারে, ট্রাম্পের এ বার্তাকে এখন পর্যন্ত ইরান যুদ্ধের পরিণতির বিষয়ে তাঁর সবচেয়ে জোরালো ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে।

ট্রাম্পের বার্তার কিছুক্ষণ পরই হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট এক্সে (সাবেক টুইটার) বলেন, 'প্রেসিডেন্ট ও পেন্টাগন আগেই আভাস দিয়েছিল যে এই মিশন সফল করতে প্রায় চার থেকে ছয় সপ্তাহ সময় লাগতে পারে।'

> আমরা আমাদের লক্ষ্য অর্জনের খুব কাছাকাছি পৌঁছে গেছি। এখন মধ্যপ্রাচ্যে আমাদের বিশাল সামরিক প্রচেষ্টাকে গুটিয়ে আনার কথা ভাবছি।
>
> ডোনাল্ড ট্রাম্প, মার্কিন প্রেসিডেন্ট

অন্যদিকে ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি তাঁর দেশের শত্রুদের 'মোক্ষম জবাব' দেওয়ার দাবি করার পর সৌদি আরব ও ইসরায়েলে নতুন করে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে তেহরান।

এর জবাবে আজ শনিবার ভোরে তেহরানের 'শাসকগোষ্ঠীর লক্ষ্যবস্তু'-তে পাল্টা হামলা চালিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী।

বাংলাদেশে ঈদ উদযাপন

চোখের জলে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা, বিশ্ব মানবতার কল্যাণে দোয়া

বাংলা পত্রিকা ডেস্ক: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশের বিভিন্ন স্থানের মতো রাজধানীতেও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ঈদের নামাজ আদায় করেছেন মুসল্লিরা। সকালবেলার ঈদের জামাত শেষে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা এবং দেশ-জাতি ও বিশ্ব মানবতার কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

রাজধানীর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ভোর থেকেই মুসল্লিদের ঢল নামে। সকাল ৭টায় প্রথম জামাত শুরুর আগে মসজিদ কানায় কানায় পূর্ণ হয়ে যায়। প্রথম জামাতে ইমামতি করেন সিনিয়র পেশ ইমাম মাওলানা মিজানুর রহমান। মোনাজাতের মাধ্যমে জামাত শেষ হয় সকাল ৭টা ২৬ মিনিটে।

মোনাজাতে মুসল্লিরা রমজানের রোজা ও অন্যান্য ইবাদত কবুলের জন্য মহান আল্লাহর দরবারে দোয়া করেন। পাশাপাশি মৃত আত্মীয়স্বজনের মাগফিরাত কামনা করা হয়। অনেক মুসল্লি চোখের জলে নিজের গুনাহের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং বিশ্ববাসীর শান্তি ও কল্যাণ কামনা করেন।

প্রথম জামাত শেষ হওয়ার আগেই দ্বিতীয় জামাতে অংশ নিতে বিপুলসংখ্যক মুসল্লি অপেক্ষা করছিলেন। প্রথম জামাত শেষ হতেই তাঁরা মসজিদে প্রবেশ করেন। প্রতিবছরের মতো এবারও বায়তুল মোকাররমে পাঁচটি ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

সময়সূচি অনুযায়ী জামাতগুলো হয় সকাল ৭টা, ৮টা, ৯টা, ১০টা ও ১০টা ৪৫ মিনিটে। বিভিন্ন জামাতে দেশের স্বনামধন্য আলেমগণ ইমামতি করেন।

এদিকে ঈদুল ফিতর উপলক্ষে দেশের প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হয় সকাল সাড়ে ৮টায় জাতীয় ঈদগাহ ময়দানে। এতে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য, কূটনীতিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।



মুক্তিযুদ্ধ ও জুলাই অভ্যুত্থান নিয়ে গবেষণায়

বাংলা পত্রিকা ডেস্ক: মুক্তিযুদ্ধের অজানা ইতিহাস ও স্থানীয় পর্যায়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং গবেষণায় উৎসাহ বাড়ানোর উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য বিভিন্ন পেশার ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অনুদান দেবে সরকার। গবেষণার বিষয় ও পরিসরের ওপর ভিত্তি করে একজন গবেষক বা গবেষণা দলকে ৫ লাখ থেকে সর্বোচ্চ ২৫ লাখ টাকা পর্যন্ত অনুদান দেওয়া হবে। এই উদ্যোগে জুলাই অভ্যুত্থান নিয়েও গবেষণার সুযোগ রাখা হয়েছে।



মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় ৪ মার্চ এ সংক্রান্ত একটি নির্দেশিকা জারি করেছে। মোট তিনটি ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, স্বীকৃত গবেষণাপ্রতিষ্ঠান, একক ব্যক্তি, পিএইচডি গবেষক বা অভিজ্ঞ গবেষকেরা এ অনুদানের জন্য আবেদন করতে পারবেন।

প্রতিবছর গবেষণার জন্য এই অনুদান দেওয়া হবে। তবে প্রতিবছর তিন ক্যাটাগরিতে কতজনকে অনুদান দেওয়া হবে, তা এখনো চূড়ান্ত হয়নি।

মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন) আলমগীর হোসেন বলেন, প্রতিবছর কতজনকে অনুদান দেওয়া হবে, তা এখনো নির্ধারণ করা হয়নি। বাজেট পাওয়ার ভিত্তিতে নির্ধারণ হবে। মুক্তিযোদ্ধাদের পাশাপাশি জুলাই শহীদ ও আহতদের নিয়েও নিয়েও কাজ করে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়। তাই এ গবেষণায় জুলাই গণ-অভ্যুত্থানকে রাখা হয়েছে।

যা নিয়ে গবেষণা করা যাবে

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের গবেষণা (পরিচালনা, অর্থায়ন ও ব্যবস্থাপনা) নির্দেশিকায় বলা হয়েছে, মুক্তিযুদ্ধের ইতিহাস, সংগ্রাম, মুক্তিযুদ্ধে গণমানুষের অংশগ্রহণ, বীর মুক্তিযোদ্ধা ও শহীদদের তালিকা যাচাই, গণহত্যা, যুদ্ধাপরাধ ও মানবাধিকার লঙ্ঘন, শহীদ বুদ্ধিজীবী, বধ্যভূমি ও শহীদদের নিয়ে গবেষণা করা যাবে।

এ ছাড়া মুক্তিযুদ্ধের দলিলপত্র, আঞ্চলিক যুদ্ধের ঘটনাপ্রবাহ, বীর মুক্তিযোদ্ধাদের অবদান, গণহত্যা, শরণার্থী জীবন, আন্তর্জাতিক সমর্থনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে গবেষণার জন্য এই অনুদান দেওয়া হবে।

মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় জানিয়েছে, মুক্তিযুদ্ধের পাশাপাশি জুলাই অভ্যুত্থানের প্রেক্ষাপট, জুলাই অভ্যুত্থানের প্রত্যাশা, জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহত ব্যক্তিদের পুনর্বাসন, জুলাই অভ্যুত্থানের চেতনা বাস্তবায়ন, তাঁদের স্মৃতি সংরক্ষণ এবং বীরত্বগাথা নিয়ে গবেষণা করা যাবে।

তিন শ্রেণিতে এই গবেষণা কার্যক্রম পরিচালিত হবে। ক শ্রেণিতে দলীয় বা প্রাতিষ্ঠানিক গবেষণায় ১০ থেকে ২৫ লাখ টাকা পর্যন্ত অনুদান দেওয়া হবে। খ শ্রেণিতে একক গবেষণায় ৫ থেকে ১০ লাখ টাকা অনুদান দেওয়া হবে। গ শ্রেণির গবেষণায় অনুদান দেওয়া হবে ৫ লাখ টাকা।

মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, মুক্তিযুদ্ধের অনেক অজানা তথ্য ও স্থানীয় পর্যায়ের ইতিহাস এখনো পর্যাপ্তভাবে গবেষণায় উঠে আসেনি। এসব তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং প্রামাণ্য গবেষণার মাধ্যমে ইতিহাসকে আরও সমৃদ্ধ করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা আশা করছেন, এ উদ্যোগের মাধ্যমে মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে নতুন গবেষণা বাড়বে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরও প্রামাণ্য তথ্য সংরক্ষণ করা সম্ভব হবে।

নির্বাচন বিতর্ক জিইয়ে রেখে বিএনপির ওপর চাপ তৈরির চেষ্টায় জামায়াত



নিজস্ব প্রতিবেদন : নির্বাচন পরবর্তী রাজনৈতিক পরিস্থিতিতে বিএনপি সরকারকে চাপে রাখতে বিভিন্ন কৌশল নিয়েছে সংসদে প্রধান বিরোধী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির নেতৃত্বাধীন ১১-দলীয় নির্বাচনী ঐক্য ৩২টি আসনে ভোট পুনর্গণনার দাবি তুলে নির্বাচন কমিশনে (ইসি) আবেদন করেছে। এর মধ্যে অন্তত ১৩টি আসনের ফলাফল চ্যালেঞ্জ করে আদালতে গিয়েছেন ঐক্যভুক্ত দলগুলোর প্রার্থীরা।

একই সঙ্গে নির্বাচন ঘিরে অন্তর্বর্তী সরকারের সাবেক দুই উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ও খলিলুর রহমানের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছে জামায়াত। তাঁদের জিজ্ঞাসাবাদ ও বিচারের দাবি জানিয়ে বিষয়টি রাজনৈতিক বিতর্কে তুলে ধরার চেষ্টা করছে দলটি। পাশাপাশি এসব বিষয়ে সংসদেও সোচ্চার থাকার চিন্তা জামায়াতের। দৃশ্যত এর মধ্য দিয়েই রাজনৈতিক অবস্থান শক্ত করার কৌশল নিয়েছে দলটি।

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠন করে বিএনপি। দলটি এককভাবে ২০৯টি এবং জোটগতভাবে ২১২টি আসনে জয়লাভ করেছে। অন্যদিকে জামায়াত এককভাবে ৬৮টি এবং জোটগতভাবে ৭৭টি আসনে জয়লাভ করেছে।

নির্বাচনের দুই দিন পর গত ১৫ ফেব্রুয়ারি ৩২টি আসনে ভোট পুনর্গণনার দাবি জানিয়ে ইসিতে আবেদন করে ১১-দলীয় নির্বাচনী ঐক্য। এসব আসনের মধ্যে ২৫টিতে জামায়াত, ৩টিতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ২টি আসনে খেলাফত মজলিস এবং ১টি করে আসনে বাংলাদেশ খেলাফত মজলিস ও লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) প্রার্থী ছিলেন। এসব আসনে ভোটের ব্যবধান ছিল ১ হাজার ২৬ থেকে ১৩ হাজার ৬৩২।

জামায়াতের অভিযোগ, এসব আসনে অল্প ব্যবধানে জামায়াত জোটের প্রার্থীদের হারিয়ে দেওয়া হয়েছে। তাদের দাবি, নির্বাচনী প্রক্রিয়ায় বিভিন্ন অনিয়ম হয়েছে। অনিয়মের মধ্যে রয়েছে অতিরিক্ত দেরি, পোলিং এজেন্টের স্বাক্ষর ছাড়া ফলাফল প্রকাশ, ভুয়া পোলিং এজেন্টের স্বাক্ষরে ফলাফল প্রকাশ এবং কোনো কোনো ক্ষেত্রে পেনসিল দিয়ে ফলাফল লেখার মতো ঘটনা।

জামায়াতের প্রার্থীরা ইসিতে অভিযোগ জানানোর পরই নির্বাচনের ফলাফল চ্যালেঞ্জ করে আদালতে যাওয়া শুরু করেন। ফেব্রুয়ারির শেষ দিক থেকে শুরু করে গত সপ্তাহ পর্যন্ত জামায়াতের ১২ জন প্রার্থী আদালতে গিয়েছেন। এর মধ্যে রয়েছেন খুলনা-৫ আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ও দলের সেক্রেটারি জেনারেল ময়িা গোলাম পরওয়ারও।

এ ছাড়া ঢাকা-৬, ঢাকা-৭, ঢাকা-১০, গাইবান্ধা-৪, নারায়ণগঞ্জ-২, নারায়ণগঞ্জ-৩, লালমনিরহাট-১, লালমনিরহাট-২, বরগুনা-২, পিরোজপুর-২ ও কক্সবাজার-৪ আসনের প্রার্থীরা আদালতে নির্বাচনের ফল চ্যালেঞ্জ করে আবেদন করেছেন। এর বাইরে আদালতে গিয়েছেন ঢাকা-১৩ আসনে ১১-দলীয় নির্বাচনী ঐক্যের প্রার্থী ও বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মো. মামুনুল হক।

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠন করে বিএনপি। দলটি এককভাবে ২০৯টি এবং জোটগতভাবে ১৮-এর পৃষ্ঠায় দেখুন

ওসমান হাদি হত্যায় জড়িত থাকার কথা অস্বীকার ফয়সালের

বাংলা পত্রিকা ডেস্ক: ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যার প্রধান দুই অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল ও আলমগীর হোসেনকে ১২ দিনের বিচারবিভাগীয় হেফাজতে (জেল হাজত) পাঠানোর নির্দেশ দিয়েছেন ভারতের পশ্চিমবঙ্গের আদালত।

রোববার উত্তর চব্বিশ পরগনা জেলার বিধান নগর মহকুমা আদালতে তোলা হয় এই দুই অভিযুক্তকে। আদালত তাদের ১২ দিনের জেলা হেফাজতের নির্দেশ দিয়েছেন। সেক্ষেত্রে আগামী ২ এপ্রিল তাদের ফের আদালতে তোলা হবে।

দুই অভিযুক্তের বিরুদ্ধে আগেই ফরেনার্স আইনের ১৪ ধারায় মামলা দায়ের করা ছিল। আজ রোববার নতুন করে অন্য একটি মামলায় 'আনলফুল অ্যাক্টিভিটিজ (প্রিভেনশন) আইন' বা ইউএপিএ আইনের ১৬ এবং ১৮ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

এদিন ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার (এনআইএ) তরফে আদালতে আবেদন জানানো হয়েছে, তারা যাতে কারাগারে গিয়ে দুই অভিযুক্তকে জেরা করতে পারে। আদালত তাতে সম্মতি জানান। সেক্ষেত্রে তদন্তের স্বার্থে ফয়সাল ও আলমগীরকে কারাগারে গিয়ে জেরা করবেন এনআইএ কর্মকর্তারা। সে ক্ষেত্রে অভিযুক্তদের বিরুদ্ধে এই ধারায় সর্বোচ্চ সাজা হতে পারে।



এদিকে, আদালতের নির্দেশের পর যখন অভিযুক্তদের দমদম কেন্দ্রীয় কারাগারের পথে নিয়ে যাওয়া হচ্ছিল সে সময় সাংবাদিকদের প্রশ্নে ফয়সাল বলেন, 'আমি এ ধরনের কাজের সঙ্গে জড়িত নই।' কে এই ঘটনার সঙ্গে জড়িত- এমন প্রশ্নের জবাবে ফয়সাল বলেন, 'সেটা আমি জানি না, আমি করিনি। অন দ্যা স্পটে ছিলাম না। আমাকে গুলি করতে দেখা যায়নি।' আদালতে তোলার সময়ও ফয়সাল বলেন, 'আমি এই কাজ করিনি। আমি এ ধরনের কোনো কাজে যুক্ত না।'

এর আগে, তাকে বিধান নগর মহকুমা হাসপাতালে শারীরিক পরীক্ষার জন্য নিয়ে যাওয়া হয়। সেখানে কোনো প্রশ্নের জবাব দেননি তিনি।

গত ৭ মার্চ রাতে অভিযুক্ত দু'জনকে বাংলাদেশ সীমান্ত লাগোয়া ভারতের পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ এলাকা থেকে গ্রেপ্তার করে পশ্চিমবঙ্গ পুলিশের বিশেষ টাস্কফোর্স (এসটিএফ)।

৩৭ বছর বয়সী ফয়সাল করিম মাসুদের বাড়ি বাংলাদেশের পটুয়াখালী। আর ৩৪ বছর বয়সী আলমগীর হোসেনের বাড়ি ঢাকায়।

এসটিএফ সূত্র জানায়, গ্রেপ্তার ফয়সাল ও আলমগীর মেঘালয় সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করেন। কয়েক মাস বিভিন্ন এলাকায় অবস্থান করেন তারা। সুযোগ বুঝে ফের তারা বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছিলেন। তার আগেই আটক হন।

পরে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে তাদের বিধান নগর মহকুমা আদালতে তোলা হয়। আদালত ১৪ দিনের পুলিশ রিমান্ডের নির্দেশ দেন। রিমান্ড শেষে আজ রোববার ফের তাদের আদালতে তোলা হয়।

গত বছরের ১২ ডিসেম্বর রাজধানীর পল্টন এলাকায় মোটরসাইকেলে আসা দুর্বৃত্তরা শরিফ ওসমান হাদিকে গুলি করে। এতে তিনি গুরুতর আহত হন। ১৮ ডিসেম্বর রাত সাড়ে ৯টায় সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান হাদি।

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

কোন পথে জুলাই সনদ

সংলাপেই আসুক সমাধান

চব্বিশের গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে 'জুলাই সনদ' কেবল একটি দালিলিক রূপরেখা নয়, বরং এটি ছাত্র-জনতার আকাঙ্ক্ষা ও রাষ্ট্র সংস্কারের একটি নৈতিক অঙ্গীকার। যদিও সম্প্রতি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর এই সনদ বাস্তবায়ন নিয়ে সরকারি ও বিরোধী শিবিরের মধ্যে যে নানামুখী বিতর্ক ও আইনি ব্যাখ্যা তৈরি হয়েছে, তা জনমনে কৌতূহল ও কিছুটা সংশয়ের সৃষ্টি করেছে। বিশেষ করে 'সংবিধান সংস্কার পরিষদ' গঠন এবং এর অধিবেশন আহ্বান নিয়ে যে সাংবিধানিক ও রাজনৈতিক মতপার্থক্য দেখা দিয়েছে, তা নিরসনে দূরদর্শী ও গঠনমূলক পদক্ষেপ গ্রহণ এখন সময়ের দাবি।

আমাদের মতে, গণতান্ত্রিক ব্যবস্থায় মতভেদ থাকাটা স্বাভাবিক, তবে সেই মতভেদ যেন জাতীয় গন্তব্যকে অনিশ্চিত করে না তোলে, সেদিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন। বর্তমান সরকার জুলাই সনদের প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে, যা ইতিবাচক। অন্যদিকে, বিরোধী দলগুলো এই সনদের দ্রুত বাস্তবায়ন ও আইনি বাধ্যবাধকতার বিষয়ে সোচ্চার। এ দুই অবস্থানের মধ্যবর্তী যে সাংবিধানিক শূন্যতা বা ব্যাখ্যার জটিলতা তৈরি হয়েছে, তা কাটিয়ে ওঠার জন্য আইনি প্রক্রিয়ার পাশাপাশি রাজনৈতিক সদিচ্ছার মেলবন্ধন ঘটানো জরুরি বলেই মনে করি আমরা।

সংবিধান বিশেষজ্ঞদের মতে, গণভোটের রায় এবং জুলাই সনদের প্রস্তাবনাগুলো বাস্তবায়নের ক্ষেত্রে বিদ্যমান সংবিধানের সঙ্গে এর সামঞ্জস্য বিধান করা একটি বড় চ্যালেঞ্জ। যেহেতু বিষয়টি বর্তমানে উচ্চ আদালতের আওতাধীন, তাই আইনি সুরাহার জন্য ধৈর্য ধারণ করা প্রয়োজন। তবে কেবল আদালতের রায়ের ওপর নির্ভর না করে সংসদীয় গণতন্ত্রের সূতিকাগার হিসাবে জাতীয় সংসদেই এ বিতর্কের অবসান ঘটানো সম্ভব। বিএনপি ও জামায়াতে ইসলামীসহ সব অংশীজনই যেহেতু জুলাই বিপ্লবের চেতনা ধারণ করে, সেহেতু একটি 'জাতীয় ঐকমত্য কমিটি' গঠনের মাধ্যমে সংবিধান সংস্কারের রূপরেখা চূড়ান্ত করা যেতে পারে। সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে যে, রাষ্ট্র আবেগ নয় বরং আইন ও সংবিধান অনুযায়ী চলে। এই অবস্থান অত্যন্ত যৌক্তিক। তবে আইনের শাসন প্রতিষ্ঠার পাশাপাশি জনআকাঙ্ক্ষার প্রতিফলন ঘটানোও নির্বাচিত সরকারের দায়িত্ব। জুলাই সনদে বর্ণিত প্রশাসনিক পুনর্গঠন, বিচার বিভাগীয় সংস্কার এবং পুলিশি সংস্কারের মতো মৌলিক বিষয়গুলো নিয়ে গড়িমসি করলে তা দীর্ঘমেয়াদে রাষ্ট্রের স্থিতিশীলতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। তাই সরকারের উচিত হবে একটি সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করে সংস্কার প্রস্তাবগুলো পর্যায়ক্রমে সংসদে উত্থাপন করা।

মনে রাখা দরকার, জুলাই সনদ কোনো রাজনৈতিক দলের সম্পদ নয়, এটি একটি নতুন বাংলাদেশের ইশতেহার। এই সনদ বাস্তবায়নের পথে যে রাজনৈতিক উত্তাপ তৈরি হয়েছে, তাকে শক্তিতে রূপান্তর করতে হবে। তবে তাই বলে রাজপথের আন্দোলন বা সংসদের ওয়াকআউট সমস্যার স্থায়ী সমাধান নয়; বরং আলোচনার টেবিলে বসে সাংবিধানিক জটিলতা নিরসনই হবে প্রকৃত দেশপ্রেমের পরিচায়ক। সরকার ও বিরোধী দল যদি পারস্পরিক অভিযোগের তীর ছোড়াছুড়ি পরিহার করে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেয়, তবেই জুলাই সনদের গন্তব্য হবে একটি বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশ। জনগণের ম্যান্ডেট নিয়ে গঠিত এ সংসদ ইতিহাসের দায়বদ্ধতা থেকে বিচ্যুত হবে না-এটাই আমাদের প্রত্যাশা।



তথ্য ও অপতথ্যে জর্জরিত চারপাশ

সেলিম জাহান



মানুষ তথ্য পেতে চায় তাঁর আশপাশসহ সমাজে-রাষ্ট্রে ও আন্তর্জাতিক অঙ্গনে কী ঘটছে, তা জানতে। তথ্যপিপাসা মানুষের মজ্জাগত আকাঙ্ক্ষা। আমরা তথ্য সংগ্রহ করি মূলত বইপত্র, অন্যের মাধ্যমে ও সংবাদমাধ্যম থেকে।

তবে সামাজিক যোগাযোগমাধ্যমের ইউটিউব, ফেসবুক, টুইটারসহ নানা ক্ষেত্র হলো তথ্য পাওয়ার জায়গা। কিন্তু সমস্যা হচ্ছে, প্রতিদিন তথ্যের যে প্লাবন নানা সংবাদপত্র, অনলাইন ও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে, সেগুলোর সঙ্গে পাল্লা দেওয়া সাধারণ মানুষের পক্ষে অসম্ভব। যেখানে প্রতিদিন সব সংবাদপত্রের খবর পড়া শেষ করা সম্ভব হয় না, সেখানে সেসব আত্মস্থ করা তো দূরের ব্যাপার। তাই অধিকাংশ মানুষের তথ্যে পিছিয়ে থাকাটা অস্বাভাবিক ব্যাপার।

সবকিছু দেখে-শুনে দুটি বিষয় সম্পর্কে আমার মনে ভাবনা জাগে যে প্রথমত, তাদের পরিবেশিত তথ্যের কোনো চাহিদা আমজনতার কাছে আছে কি না? তার প্রতি খুব একটা ভ্রুক্ষেপ সংবাদমাধ্যমগুলোর আছে বলে মনে হয় না। তাদের সব মনোযোগ থাকে শুধু তথ্য প্রকাশ করার দিকে। খাদ্যের অতিভোজনের মতো তথ্যের এই অতিজোগানে আমরা সাধারণ মানুষ হাঁসফাঁস করি।

কিন্তু তাদের অতিজোগানকৃত তথ্য আমাদের গেলানোর জন্য সংবাদমাধ্যমগুলোর সেকি প্রাণান্ত চেষ্টা! সেগুলো আমরা হজম করতে পারছি কি না, সেটা তাদের বিবেচ্য বিষয় বলে মনে হয় না। তাই কোন তথ্য পাঠকের জন্য গুরুত্বপূর্ণ আর কোনটি সংবাদ জোগানদারদের জন্য জরুরি, সেটা প্রায়ই গুলিয়ে যায়।

দ্বিতীয়ত, কে কার আগে তথ্যের জোগান দেবেন, তার একটা ভয়ানক প্রতিযোগিতা পড়ে যায় সংবাদমাধ্যমগুলোর মধ্যে। তথ্যপ্রযুক্তির যুগে সেই প্রতিযোগিতা আরও বেশি তীব্র হয়ে উঠেছে। কিন্তু তেমন প্রতিযোগিতা যে সব সময় স্বাস্থ্যকর, তেমনটা বলা যাবে না। ব্যাপারটা দেখে মনে হয়, কে কার আগে তথ্য পরিবেশন করবে তথ্য-ভোক্তার কাছে, তারই দৌড়ে সবাই ব্যস্ত। ফলে প্রায়ই সংবাদমাধ্যমগুলো প্রতিনিয়ত স্বল্প-দৌড়ে ব্যাপৃত থাকে, কিন্তু প্রয়োজনীয় দীর্ঘ-দৌড়ে তাদের অনুপস্থিতিটি নজরে পড়ে।

ইদানীং তথ্যের বিষয়ে আরও একটি ব্যাপার ঘটছে–বহুক্ষেত্রে তথ্যকে সরিয়ে দিয়ে সেখানে জায়গা করে নিচ্ছে নানা অপতথ্য। ফলে তথ্যের প্রকৃতি ও ধরন–দুটোই ভীষণভাবে বদলে যাচ্ছে। এ ক্ষেত্রে মূল অনুঘটকের ভূমিকা নিয়েছে নানা সামাজিক যোগাযোগ ও প্রচারমাধ্যম। তথ্যপ্রযুক্তি বিপ্লব ও সামাজিক যোগাযোগমাধ্যমের দ্রুত প্রসারের ফলে আমাদের সমাজে অপতথ্যের একটি সংস্কৃতি জন্ম নিয়েছে। এই অপতথ্য-সংস্কৃতি প্রবল শক্তিশালী হয়ে ছড়ানো অপতথ্য দিনকে রাত করে, সত্যকে মিথ্যা বানিয়ে এবং নিশ্চিত বিষয়কে অনিশ্চিত করে দিচ্ছে। এই অপতথ্য সংস্কৃতির আরেকটা হলো 'গুজব'। চিরায়ত কাল থেকে দেখা গেছে, কিছু কিছু গুজব আছে, যেগুলো শোনার পর মনে সংশয় জাগে, সেগুলো বোধ হয় 'হলেও হতে পারে' ধরনের। মানে বিশ্বাসযোগ্যতার দেয়ালের ধারেপাশেই তাদের অবস্থান। আবার কিছু কিছু গুজব আছে, যা শুনলে মনে হয়, সেগুলো একেবারে 'ডাহা মিথ্যা', তা নিয়ে দুবার ভাবার সুযোগ থাকে না।

সেই 'ডাহা মিথ্যার' অপতথ্যের জোয়ারে সয়লাব আজ আমাদের যাপিত জীবন। অন্য কোনো উৎসে যেতে হয় না, ফেসবুক খুললে দেখা যায় গুজবের কত ছড়াছড়ি! এমন সব গুজব চোখে পড়ে, যাতে প্রশ্ন জাগে যে একজন সুস্থ চিন্তার মানুষ কী করে এজাতীয় আজব-গুজব ছড়াতে পারে? আমার মনে হয়, এর তিনটি কারণ রয়েছে। এক. সামাজিক যোগাযোগমাধ্যম সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হলেও তা নিয়ন্ত্রণ বা তদারক করা হয় না। যেকোনো ব্যক্তি যেকোনো সময় যা খুশি এতে লিখতে পারেন। সুতরাং যে কেউ যেকোনো রকমের রং চড়িয়ে মনের মাধুরী মিশিয়ে যা ইচ্ছা তা লিখে গুজব ছড়াতে পারেন।

দুই. কোনো কোনো মানুষ যেকোনো উপায়ে নিজের প্রচারখ্যাতি পেতে চান। তিনি চান, তাঁর যেকোনো পোস্টে শত শত লোক হুড়মুড় হয়ে পড়ে লাইক ও কমেন্টের বন্যা বয়ে দিক। ফলে যে গুজবের তিনি জন্ম দিয়েছেন, তিনি চান সেই গুজব লোক হতে লোকে ছড়িয়ে পড়ুক এবং এই প্রক্রিয়ায় তাঁর নাম ও পরিচিতি মুখ হতে মুখে ঘুরতে থাকুক। গুজব ছড়ানো যদি নামের, আত্মপ্রচারের এবং বিখ্যাত হওয়ার বড় হাতিয়ার হয়, তাহলে তা ছড়াতে বহুজন পিছপা হবেন কেন!

অপতথ্য ছড়ানোর তৃতীয় প্রধান কারণ হচ্ছে প্রতিপক্ষকে ঘায়েল করা। একটি পক্ষকে পছন্দ না করলে তার নামে গুজবের মাধ্যমে কুৎসা রটনার মতো কার্যকর পন্থা আর কী হতে পারে। সেই সঙ্গে নিজের পক্ষের মানুষজনের জন্য গুজব যদি ছড়ানো যায়, তাহলে প্রতিপক্ষকে দুর্বল করে দেওয়া যায়।

অপতথ্য বা গুজব ছড়ানো বিষয়ে এত কথা বলছি এ কারণে, সমীক্ষায় দেখা গেছে ২০২৪ সালে সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব বা অপতথ্য ছড়ানো ৫৮ শতাংশ বেড়ে গেছে। সামাজিক যোগাযোগমাধ্যমের পোস্টে ৩ হাজার তথ্য মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। যাঁরা দায়িত্বহীনভাবে নিজের খেয়ালখুশিমতো সামাজিক যোগাযোগমাধ্যমে নানা অপপ্রচার করেন কিংবা গুজব ছড়ান, তাঁরা অনেক সময় ভুলে যান, তাঁদের কাজের মাধ্যমে ব্যক্তিমানুষ, গোষ্ঠী কিংবা সমাজের তিনি কতটা ক্ষতি করছেন, তা নিয়ে তাঁদের ভাবনা আছে কি?

ব্যক্তিগত পর্যায়ে গুজব ছড়ানোর ফলে যাঁর বিরুদ্ধে অপপ্রচার হয়েছে, অনেক সময়ে তাঁর আর্থিক ও পেশাগত ক্ষতি হতে পারে। এ কারণে কর্মচ্যুত হয়েছেন অনেকে, ব্যবসা-বাণিজ্য হারিয়েছেন কেউ কেউ। কোনো কোনো ব্যক্তির ব্যক্তি-চরিত্রের ওপরে মিথ্যা অপপ্রচারের ফলে সুনাম ক্ষুণ্ন হয়েছে অনেকের, সামাজিক মর্যাদা হারিয়েছেন অনেকে। চরিত্র বিষয়ে অপপ্রচার একজন মানুষ ও তাঁর পরিবারের জন্য দীর্ঘমেয়াদি ক্ষতির কারণ হতে পারে।

নানা সময়ে দেখা গেছে, গুজব ছড়ানোর ফলে ধর্মীয় সহিংসতার ঘটনা ঘটেছে, বিভিন্ন ধর্মীয় কিংবা নৃতাত্ত্বিক গোষ্ঠীগুলোর ওপরে হামলার ঘটনা ঘটেছে। এই হামলা একদিকে তাদের উপাসনালয় থেকে শুরু করে ধর্মীয় অনুষ্ঠান পর্যন্ত আক্রান্ত হয়েছে। একই সঙ্গে সেই হামলা তাদের বাড়িঘর পোড়ানো থেকে তাদের সম্পদের ক্ষতিসাধন করা হয়েছে। এর ফলে বিভিন্ন ধর্মীয় এবং নৃতাত্ত্বিক গোষ্ঠীর মানুষদের নিরাপত্তা বিঘ্নিত হয়েছে।

এরপর প্রতিবেশী রাষ্ট্রের বিরুদ্ধে অপপ্রচার দুটি দেশের মধ্যে রাষ্ট্রীয় পর্যায়ে দ্বিপক্ষীয় সম্পর্কের অবনতি ঘটাতে পারে, কিন্তু তার চেয়ে বড় কথা হলো, এটা নাগরিক পর্যায়েও মানুষের জন্য ক্ষতিকর হতে পারে। এ-জাতীয় প্রচারণার ফলে মানুষের মন বিষাক্ত হয়ে ওঠে এবং অন্য রাষ্ট্রের প্রতি তাদের মনে একটি বিরূপ ধারণার জন্ম দেয়। সম্প্রীতিমূলক এবং সৌহার্দ্যমূলক একটি ভুবনপল্লি গড়ার পথে এটা বিরাট বাধা।

গুজব একটি সন্দেহের সংস্কৃতির জন্ম দেয়, একটি প্রতিশোধের আকাঙ্ক্ষার জন্ম দেয়। দেশের অভ্যন্তরে রাজনৈতিক দল কিংবা প্রক্রিয়ার বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার অনেক সময় সন্ত্রাসের জন্ম দেয়। ফলে রাজনৈতিক সহিংসতা থেকে খুনোখুনির ঘটনা ঘটে।

অপতথ্য কিংবা অপপ্রচার ক্ষতি করা ছাড়া কারও কোনো উপকার বয়ে আনে না। তবু নানা কারণে আমরা এই অপসংস্কৃতির বিস্তার ঘটিয়ে চলেছি অত্যন্ত দায়িত্বহীন কর্মকাণ্ড করে। দায়িত্ববান, বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করার জন্য সঠিক তথ্যের পরিবেশন–সবাইকে নৈতিক দায়িত্ব গ্রহণ করতে হবে।

লেখক: অর্থনীতিবিদ

একাত্তরে বাংলাদেশে সংঘটিত গণহত্যার স্বীকৃতি চেয়ে মার্কিন কংগ্রেসে প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক: ১৯৭১ সালে বাংলাদেশে সংঘটিত গণহত্যার স্বীকৃতির দাবিতে মার্কিন প্রতিনিধি সভায় একটি প্রস্তাব উত্থাপন করা হয়েছে। এতে ব্যাপক হত্যাকাণ্ড, ধর্ষণ ও বাস্তুচ্যুতির মতো নৃশংসতার কথা উল্লেখ করে অপরাধীদের জবাবদিহির আওতায় আনা এবং ধর্মীয় সংখ্যালঘুদের সুরক্ষার আহ্বান জানানো হয়েছে।

গত শুক্রবার (২০ মার্চ) প্রতিনিধি পরিষদে এ প্রস্তাব উত্থাপন করেছেন পরিষদের সদস্য গ্রেগ ল্যান্ডসম্যান। প্রস্তাবটি বৈদেশিক সম্পর্ক বিষয়ক কমিটির কাছে পাঠানো হয়েছে।

প্রস্তাবে বলা হয়েছে, ১৯৪৭ সালের আগস্টে ভারতে ব্রিটিশ শাসনের অবসান ঘটে ভারত ও পাকিস্তান নামে দুটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র গঠিত হয়েছিল। পাকিস্তানের মধ্যে পশ্চিম পাকিস্তান এবং পূর্ব পাকিস্তান (বাংলাদেশ) অন্তর্ভুক্ত ছিল, যা তখন পূর্ববঙ্গ নামে পরিচিত ছিল।

পাকিস্তানের শাসকগোষ্ঠী মূলত পাঞ্জাবি পশ্চিম পাকিস্তানিদের নিয়ে গঠিত ছিল। তাঁরা দেশের সম্পদ ও উন্নয়নের সব প্রচেষ্টা পশ্চিম পাকিস্তানে কেন্দ্রীভূত করেছিলেন।

নথিপত্রে প্রমাণিত যে পশ্চিম পাকিস্তানি কর্মকর্তাদের মধ্যে প্রবল বাঙালি-বিদ্বেষ বিদ্যমান ছিল এবং তাঁরা বাঙালিদের নিচু জাতের মানুষ মনে করতেন।

১৯৭০ সালে অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের ইশতেহার নিয়ে সংসদে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।

তৎকালীন পাকিস্তানি প্রেসিডেন্ট জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান, পাকিস্তান পিপলস পার্টির নেতা জুলফিকার আলী ভুট্টো এবং শেখ মুজিবুর রহমানের মধ্যে সরকার গঠনের আলোচনা ব্যর্থ হয়।

১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তান সরকার শেখ মুজিবুর রহমানকে কারাবন্দী করে এবং পাকিস্তানি সামরিক বাহিনী 'জামায়াতে ইসলামীর আদর্শে অনুপ্রাণিত "উগ্র ইসলামপন্থী" দলগুলোর সহায়তায়' পূর্ব পাকিস্তানে অপারেশন সার্চলাইট নামে দমন অভিযান শুরু করে। অভিযানের আওতায় বেসামরিক নাগরিকদের ওপর ব্যাপক হত্যাকাণ্ড চালানো হয়।

এ নৃশংসতায় নিহত ব্যক্তির সংখ্যা নিয়ে বিভিন্ন অনুমান থাকলেও সবচেয়ে নির্ভরযোগ্য তথ্য অনুযায়ী, এ সংখ্যা কয়েক হাজার থেকে কয়েক লাখ পর্যন্ত।

দুই লাখের বেশি নারী ধর্ষণের শিকার হয়েছিলেন এবং সামাজিক গ্লানির কারণে তাঁদের প্রকৃত সংখ্যা সম্ভবত কখনো জানা যাবে না ও ভুক্তভোগীদের নাম স্মরণ করা হবে না।

১৯৭১ সালের ১৩ জুন দ্য সানডে টাইমস-এ 'জেনোসাইড' শিরোনামের এক কলামে সাংবাদিক অ্যান্থনি মাসকারেনহাস লিখেছেন, '২৫ মার্চ সন্ধ্যায় সেনাবাহিনী যখন ঢাকার বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েছিল, তখন তাদের অনেকের কাছেই হত্যার তালিকায় থাকা ব্যক্তিদের নাম ছিল।'

২৮ মার্চ ঢাকায় নিযুক্ত তৎকালীন মার্কিন কনসাল জেনারেল আর্চার ব্লাড ওয়াশিংটনে 'সিলেকটিভ জেনোসাইড' শিরোনামে একটি টেলিগ্রাম পাঠিয়েছিলেন। সেখানে তিনি লেখেন, 'পাকিস্তান সেনাবাহিনীর সমর্থনে অ-বাঙালি মুসলমানরা পরিকল্পিতভাবে গরিব মানুষের বসতিগুলোতে হামলা চালাচ্ছেন এবং বাঙালি ও হিন্দুদের হত্যা করছেন।'

৬ এপ্রিল কনসাল জেনারেল আর্চার ব্লাড ওই সংঘাতের বিষয়ে মার্কিন সরকারের নীরবতার বিরুদ্ধে একটি প্রতিবাদলিপি পাঠান। এটি 'ব্লাড টেলিগ্রাম' নামে পরিচিত।

ঢাকা কনস্যুলেট জেনারেলের ২০ জন মার্কিন কূটনীতিকের সই করা ওই বার্তায় বলা হয়, 'দুর্ভাগ্যবশত যেখানে জেনোসাইড বা গণহত্যা শব্দ প্রযোজ্য, সেই "আওয়ামী" সংঘাতকে একটি সার্বভৌম রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয় হিসেবে গণ্য করে আমরা নৈতিকভাবেও হস্তক্ষেপ না করার সিদ্ধান্ত নিয়েছি। সাধারণ মার্কিনরা এ নিয়ে ঘৃণা প্রকাশ করেছেন' এবং ব্লাড নিজেও এ আপত্তির সঙ্গে একমত পোষণ করেছেন।

৮ এপ্রিল কনসাল জেনারেল ব্লাড আরেকটি টেলিগ্রাম পাঠান। সেখানে উল্লেখ করা হয়, 'হিন্দুদের ওপর যে নগ্ন, পরিকল্পিত ও ব্যাপক দমন-পীড়ন চালানো হচ্ছে, তার ক্ষেত্রে "গণহত্যা" শব্দটি পুরোপুরি প্রযোজ্য...'।

শরণার্থী ও বাস্তুচ্যুতদের সমস্যা তদন্তে গঠিত সিনেট জুডিশিয়ারি কমিটির উপকমিটির চেয়ারম্যান সিনেটর এডওয়ার্ড এম কেনেডি ১৯৭১ সালের ১ নভেম্বর কমিটির কাছে একটি প্রতিবেদন জমা দেন।

প্রতিবেদনে বলা হয়, '২৫ মার্চ রাতে পাকিস্তান সেনাবাহিনী যে সুপরিকল্পিত সন্ত্রাস ও গণহত্যা শুরু করেছে, তার চেয়ে স্পষ্ট ও নথিবদ্ধ প্রমাণ আর কিছু হতে পারে না। মার্কিন সরকারের কাছে পাঠানো মাঠপর্যায়ের প্রতিবেদন, সাংবাদিকদের অসংখ্য চাক্ষুষ বিবরণ, বিশ্বব্যাংকের মতো আন্তর্জাতিক সংস্থার প্রতিবেদন এবং উপকমিটির কাছে থাকা অতিরিক্ত তথ্যপ্রমাণ পূর্ববঙ্গে চলমান এক বিভীষিকাময় পরিস্থিতির সাক্ষ্য দেয়। এর মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দু সম্প্রদায়ের মানুষ। তাঁদের জমি ও দোকানপাট লুট এবং পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। কোনো জায়গায় তাঁদের শরীরে হলুদ রঙের "এইচ" চিহ্ন এঁকে দেওয়া হয়েছে। এসব ঘটনা ইসলামাবাদের জারি করা সামরিক আইনের অধীন সরকারিভাবে অনুমোদন, আদেশ ও কার্যকর করা হয়েছে।'

১৯৭২ সালে প্রকাশিত 'দ্য ইভেন্টস ইন ইস্ট পাকিস্তান' শীর্ষক এক আইনি গবেষণায় ইন্টারন্যাশনাল কমিশন অব জুরিস্ট-এর সচিবালয় উল্লেখ করেছে, 'এমন অকাট্য প্রমাণ রয়েছে, হিন্দুদের হত্যা এবং ঘরবাড়ি ও গ্রাম ধ্বংস করা হয়েছে শুধু হিন্দু হওয়ার কারণে।'

জাতিসংঘের 'কনভেনশন অন দ্য প্রিভেনশন অ্যান্ড পানিশমেন্ট অব দ্য ক্রাইম অব জেনোসাইড' (গণহত্যা সনদ) অনুযায়ী, গণহত্যা বলতে বোঝায় 'কোনো জাতীয়, জাতিগত, নৃগোষ্ঠীগত বা ধর্মীয় গোষ্ঠীকে সম্পূর্ণ বা আংশিকভাবে ধ্বংস করার উদ্দেশ্যে পরিচালিত যেকোনো কাজ।'

ভবিষ্যৎ প্রজন্মের জন্য মানবতাবিরোধী অপরাধ, যুদ্ধাপরাধ ও গণহত্যার ঘটনাগুলো নথিবদ্ধ করা ও স্মরণ করা অত্যন্ত জরুরি; যাতে ভুক্তভোগীদের স্মৃতি রক্ষা করা যায় এবং ভবিষ্যতে এমন নৃশংসতা রোধ করা সম্ভব হয়। তাই প্রতিনিধি পরিষদে নিচের প্রস্তাবগুলো গ্রহণ করা হোক:

(১) ১৯৭১ সালের ২৫ মার্চ বাংলাদেশের মানুষের ওপর পাকিস্তানি সশস্ত্র বাহিনীর চালানো নৃশংসতার নিন্দা জানাচ্ছে;

(২) স্বীকৃতি দিচ্ছে যে পাকিস্তান সেনাবাহিনী এবং তাদের 'ইসলামপন্থী' সহযোগীরা ধর্ম ও লিঙ্গনির্বিশেষে জাতিগত বাঙালিদের নির্বিচার হত্যা; তাঁদের রাজনৈতিক নেতা, বুদ্ধিজীবী, পেশাজীবী ও শিক্ষার্থীদের হত্যা এবং হাজার হাজার নারীকে যৌনদাসী হিসেবে ব্যবহার করতে বাধ্য করেছেন। তাঁরা বিশেষভাবে হিন্দু ধর্মীয় সংখ্যালঘুদের নিশ্চিহ্ন করার লক্ষ্যে ব্যাপক হত্যাকাণ্ড, গণধর্ষণ, ধর্মান্তরকরণ ও জোরপূর্বক বিতাড়নের লক্ষ্যবস্তু করেছিলেন;

(৩) স্বীকৃতি দিচ্ছে যে কোনো নির্দিষ্ট জাতিগোষ্ঠী বা ধর্মীয় সম্প্রদায় তাদের কোনো সদস্যের করা অপরাধের জন্য দায়ী নয়;


(৪) ১৯৭১ সালে পাকিস্তানি সশস্ত্র বাহিনী ও তাদের সহযোগী 'জামায়াতে ইসলামী'র পক্ষ থেকে জাতিগত বাঙালি হিন্দুদের ওপর চালানো নৃশংসতাকে মানবতাবিরোধী অপরাধ, যুদ্ধাপরাধ ও গণহত্যা হিসেবে স্বীকৃতি দিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের প্রতি আহ্বান জানানো হচ্ছে।



যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন — ফাইল ছবি: রয়টার্স



প্রস্তাবটি উত্থাপন করেন প্রতিনিধি পরিষদের সদস্য গ্রেগ ল্যান্ডসম্যান
ছবি: গ্রেগ ল্যান্ডসম্যানের দপ্তরের ওয়েবসাইট থেকে



IV

119TH CONGRESS
2D SESSION

H. RES. 1130

Recognizing the Bangladesh Genocide of 1971 and protection of religious minorities in Bangladesh.

IN THE HOUSE OF REPRESENTATIVES

MARCH 20, 2026

Mr. LANDSMAN submitted the following resolution; which was referred to the Committee on Foreign Affairs

RESOLUTION

Recognizing the Bangladesh Genocide of 1971 and protection of religious minorities in Bangladesh.

গত শুক্রবার (২০ মার্চ) প্রতিনিধি পরিষদে প্রস্তাবটি উত্থাপন করা হয়
ছবি: মার্কিন কংগ্রেসের ওয়েবসাইটে থাকা নথির স্ক্রিনশট



১৯৭১ সালে বাংলাদেশে গণহত্যা চালায় পাকিস্তানি সেনাবাহিনী — ছবি: সংগৃহীত

কেন হরমুজ প্রণালি এতো গুরুত্বপূর্ণ?

বাংলা পত্রিকা ডেস্ক: উপসাগরীয় অঞ্চলের একটি সরু নৌপথ হরমুজ প্রণালির অন্যতম গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্য পথ। এর উত্তরে ইরান এবং দক্ষিণে ওমান ও সংযুক্ত আরব আমিরাত অবস্থিত।

প্রণালিটি পারস্য উপসাগরকে আরব সাগরের সঙ্গে যুক্ত করেছে।

বিবিসির তথ্যমতে, প্রণালিটি এতই গভীর যে বিশ্বের সবচেয়ে বড় তেলবাহী জাহাজগুলোও এখানে চলাচল করতে পারে। মধ্যপ্রাচ্যের প্রধান তেল ও গ্যাস উৎপাদনকারী দেশগুলো এবং তাদের ক্রেতারা এই পথ ব্যবহার করে।

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালানোর পর থেকে তেহরান কার্যত বিশ্বের অন্যতম ব্যস্ত তেল পরিবহন পথ হরমুজ প্রণালিকে অবরুদ্ধ করে রেখেছে।

এ জলপথটি প্রবেশ ও প্রস্থান মুখে প্রায় ৫০ কিলোমিটার প্রশস্ত এবং সবচেয়ে সরু স্থানে প্রায় ৩৩ কিলোমিটার।

বিশ্বের প্রায় ২০% তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সাধারণত এই প্রণালি দিয়ে পরিবহণ হয়। কেবল ইরান নয়দ ইরাক, কুয়েত, কাতার, সৌদি আরব ও আমিরাত থেকেও তেল এই পথ দিয়ে যায়।

সাধারণত প্রতি মাসে প্রায় ৩,০০০ জাহাজ এই প্রণালি দিয়ে চলাচল করে। তবে সাম্প্রতিক সময়ে এই সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গেছে, কারণ ইরান ট্যাঙ্কার ও অন্যান্য জাহাজে হামলার হুমকি দিয়েছে।

যুদ্ধ শুরু হওয়ার পর থেকে অন্তত ২১টি জাহাজ হামলার শিকার হয়েছে বা লক্ষ্যবস্তু হয়েছে।



যুদ্ধের প্রভাবে বিশ্বব্যাপী জ্বালানির দাম বেড়ে গেছে। অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলারের বেশি হয়েছে, যা এ বছর বেড়েছে প্রায় ৭০% এবং গত বছরের তুলনায় প্রায় ৫০% বেশি।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ট্রুথ সোশালে লিখেছেন, ইরান যদি ৪৮ ঘণ্টার মধ্যে কোনো হুমকি ছাড়াই হরমুজ প্রণালি খুলে না দেয়, তাহলে যুক্তরাষ্ট্র ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলো 'ধ্বংস করে দেবে'।

তার ভাষায়, "ইরান যদি এই মুহূর্ত থেকে ৪৮ ঘণ্টার মধ্যে সম্পূর্ণভাবে, কোনো হুমকি ছাড়াই হরমুজ প্রণালি খুলে না দেয়, তাহলে যুক্তরাষ্ট্র তাদের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রে হামলা চালাবে এবং সেগুলো ধ্বংস করে দেবে–সবচেয়ে বড়টি দিয়ে শুরু করে!"

বাংলাদেশিদের জন্য অভিবাসী ভিসা স্থগিতের কারণ জানাল ইউএস দূতাবাস

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশসহ ৭৫ দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা (ইমিগ্র্যান্ট ভিসা) দেওয়া স্থগিত করেছিল যুক্তরাষ্ট্র। গত ২১ জানুয়ারি থেকে এ সিদ্ধান্ত কার্যকর করা হয়। কী কারণে এমন পদক্ষেপ নেওয়া হয়েছিল সেটির ব্যাখ্যা দিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস।

ঢাকার ইউএস দূতাবাস এক বার্তায় জানিয়েছে, যুক্তরাষ্ট্রের করদাতাদের প্রতি আমাদের দায়িত্ব হলো অভিবাসীরা যাতে অবৈধভাবে সরকারি কল্যাণমূলক সুবিধা গ্রহণ না করেন বা যুক্তরাষ্ট্রের ওপর সরকারি সহায়তার বোঝা হয়ে না দাঁড়ান তা নিশ্চিত করা। যেসব দেশের নাগরিকদের মধ্যে যুক্তরাষ্ট্রের সরকারি কল্যাণ সুবিধা ব্যবহারের হার বেশি, সেই প্রেক্ষাপটে বাংলাদেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা প্রদান স্থগিত করেছে ডিপার্টমেন্ট।

এই স্থগিতাদেশের ফলে আমাদের যাচাই ও বাছাই নীতিমালা ও প্রক্রিয়াগুলোর পূর্ণাঙ্গ পর্যালোচনা করার সময় মিলবে, যাতে সেগুলো আমেরিকানদের স্বার্থকে অগ্রাধিকার দেয়। এই স্থগিতাদেশ অনভিবাসী ভিসার ক্ষেত্রে প্রযোজ্য নয়, যার মধ্যে পর্যটক বা শিক্ষার্থীদের ভিসাও অন্তর্ভুক্ত বলেও ইউএস দূতাবাস উল্লেখ করেছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class (Operate by JH office)
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

৩৯ ট্রিলিয়ন ডলার ছাড়িয়েছে যুক্তরাষ্ট্রের ঋণ, যুদ্ধ নিয়ে উদ্বেগ বাড়ছে

প্রথম পৃষ্ঠার পর

করেছে। গত বুধবার (১৮ মার্চ) এই অভূতপূর্ব ঋণের তথ্য সামনে আসে, যা ইরান যুদ্ধের প্রাক্কালে ট্রাম্প প্রশাসনের জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

বার্তা সংস্থা এপির প্রতিবেদন থেকে জানা যায়, বিশাল অঙ্কের এই ঋণের পেছনে একদিকে রয়েছে ব্যাপক কর ছাড় ও অভিবাসন আইন কঠোর করার ব্যয়, অন্যদিকে প্রতিরক্ষা খাতে বিপুল বরাদ্দ।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাচনী প্রচারণায় এবং ক্ষমতায় আসার পর ঋণ কমানোর প্রতিশ্রুতি দিলেও বর্তমানে তা উল্টো পথে হাঁটছে। সরকারি তথ্যানুযায়ী, মাত্র পাঁচ মাস আগে দেশটির ঋণ ছিল ৩৮ ট্রিলিয়ন এবং তার মাত্র দুই মাস আগে ছিল ৩৭ ট্রিলিয়ন ডলার।

গভর্নমেন্ট অ্যাকাউন্টেবিলিটি অফিস (জিএও) সতর্ক করে বলেছে, ক্রমবর্ধমান এই ঋণের ফলে সাধারণ মার্কিনিদের মর্টগেজ বা গাড়ি কেনার ঋণের খরচ বেড়ে যাবে। এ ছাড়া ব্যবসায়িক বিনিয়োগ কমে যাওয়ায় মানুষের মজুরি কমবে এবং নিত্যপ্রয়োজনীয় পণ্য ও সেবার দাম আকাশচুম্বী হবে।

পিটার জি পিটারসন ফাউন্ডেশনের সিইও মাইকেল পিটারসন এক বিবৃতিতে বলেন, 'ঋণ বৃদ্ধির এই হার উদ্বেগজনক। বর্তমান গতিতে চললে আগামী নির্বাচনের আগেই এটি ৪০ ট্রিলিয়ন ডলার স্পর্শ করবে। কোনো পরিকল্পনা ছাড়া এভাবে ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার ধার করা টেকসই অর্থনীতির পরিপন্থী।'

এই পরিস্থিতির মধ্যে যুক্তরাষ্ট্রের জন্য সবচেয়ে বড় চাপ হয়ে দাঁড়িয়েছে ইরান যুদ্ধ। গত রোববার হোয়াইট হাউসের অর্থনৈতিক উপদেষ্টা কেভিন হ্যাসেট জানিয়েছেন, ইরান যুদ্ধে যুক্তরাষ্ট্রের এ পর্যন্ত ১২ বিলিয়ন (১ হাজার ২০০ কোটি) ডলারেরও বেশি খরচ হয়েছে। যুদ্ধটি কত দিন চলবে বা এর চূড়ান্ত ব্যয় কত হবে, তা এখনো অনিশ্চিত।

তবে ঋণের পাহাড় বাড়লেও ঘাটতি কমছে বলে দাবি করেছে হোয়াইট হাউস। মুখপাত্র কুশ দেশাই জানান, ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের প্রথম বছরেই ফেডারেল ঘাটতি কমেছে। ট্রেজারি বিভাগের তথ্য অনুযায়ী, ২০২৫ অর্থবছরে মোট ব্যয় ছিল ৭ দশমিক শূন্য ১ ট্রিলিয়ন এবং আয় ছিল ৫ দশমিক ২৩ ট্রিলিয়ন ডলার। ফলে ঘাটতি দাঁড়িয়েছে ১ দশমিক ৭৮ ট্রিলিয়ন ডলার, যা আগের বছরের তুলনায় ৪১ বিলিয়ন ডলার কম।

দেশাই আরও দাবি করেন, কর আদায় বৃদ্ধি, সরকারি কর্মীর সংখ্যা ১৯৬৬ সালের পর সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা এবং কল্যাণমূলক কর্মসূচিতে জালিয়াতি বন্ধ করার কারণেই ঘাটতি কমেছে। তাঁর মতে, এসব পদক্ষেপের ফলে যুক্তরাষ্ট্রের ঋণ ও জিডিপির অনুপাত সঠিক পথেই থাকবে।

নিউইয়র্কে ইন্সুর‍্যান্স কমছে পঞ্চাশোর্ধ্ব চালকদের

প্রথম পৃষ্ঠার পর

পারেন বলে জানা গেছে। নতুন এই নীতির আওতায় ৫০ বছর বা তার বেশি বয়সী চালকরা নির্দিষ্ট কিছু শর্ত পূরণ সাপেক্ষে কম প্রিমিয়ামে অটো ইন্সুরেন্স পাওয়ার সুযোগ পাবেন। শর্তগুলোর মধ্যে রয়েছে তুলনামূলক কম মাইল গাড়ি চালানো এবং নির্দিষ্ট জিপ কোডে বসবাস। ইতোমধ্যে অনেক চালক অনলাইন তুলনামূলক সেবা ব্যবহার করে নিজেদেরবর্তমান বীমা খরচের সঙ্গে বাজারের অন্যান্য অফার মিলিয়ে দেখছেন। এতে করে অনেক ক্ষেত্রে পূর্বের তুলনায় কম দামে বীমা পাওয়ার সুযোগ তৈরি হচ্ছে। একজন ব্যবহারকারীর অভিজ্ঞতায় জানা গেছে, তিনি অনলাইনে নিজের তথ্য যাচাই করে দেখতে পান যে তার বর্তমান এজেন্ট তুলনামূলক বেশি প্রিমিয়াম নিচ্ছিল। পরবর্তীতে বিকল্প খুঁজে তিনি প্রায় ৭০ শতাংশ পর্যন্ত খরচ কমাতে সক্ষম হন। বিশ্লেষকরা বলছেন, বীমা কোম্পানিগুলোর মধ্যে প্রতিযোগিতা বাড়ার ফলে গ্রাহকদের জন্য আরও সাশ্রয়ী বিকল্প তৈরি হচ্ছে। বিশেষ করে সিনিয়র নাগরিকদের ক্ষেত্রে এই নতুন নীতি ইতিবাচক প্রভাব ফেলতে পারে। এদিকে আইন অনুযায়ী, কোনো গ্রাহক যদি নতুন ও কম খরচের বীমা পলিসি গ্রহণ করতে চান, তবে তিনি পূর্বের পলিসি বাতিল করতে পারবেন এবং অব্যবহৃত প্রিমিয়ামের অর্থ ফেরত পাওয়ার অধিকার রাখেন।

বাড়ির মালিকরা পাবেন সর্বোচ্চ প্রায় ৪ লাখ ডলার সহায়তা

প্রথম পৃষ্ঠার পর

আর্থিক সহায়তা ও কারিগরি সহযোগিতা পাবেন। এই কর্মসূচি প্রথম চালুর সময় ব্যাপক সাড়া ফেলেছিল। মাত্র দুই সপ্তাহে ১,৩০০-এর বেশি আবেদন জমা পড়েফিলো। পরে আবেদন বন্ধ থাকলেও এখন নতুন করে আবেদন গ্রহণ শুরু হচ্ছে।

এই উদ্যোগের আওতায় "প্লাস ওয়ান" কর্মসূচির মাধ্যমে বাড়ির মালিকরা সহজেই অনলাইনে আবেদন করতে পারবেন। একই সঙ্গে চালু হয়েছে একটি নতুন ওয়েবসাইট, যেখানে অনুমোদন প্রক্রিয়া, নির্মাণ খরচ, নকশা নির্বাচনসহ পুরো বিষয়টি ধাপে ধাপে ব্যাখ্যা করা হয়েছে।

মেয়র মামদানি বলেন, শহরের আবাসন সংকটের একটি বড় সমাধান লুকিয়ে আছে বাড়ির অব্যবহৃত জায়গায়।যেমন বেসমেন্ট, অ্যাটিক বা পেছনের উঠান। এসব জায়গাকে ছোট আবাসিক ইউনিটে রূপান্তর করলে পরিবার বা ভাড়াটিয়াদের জন্য নতুন থাকার জায়গা তৈরি হবে, পাশাপাশি বাড়ির মালিকরাও অতিরিক্ত আয় করতে পারবেন।

অনুমোদন প্রক্রিয়া সহজ করতে সিটি কর্তৃপক্ষ ১১টি পূর্ব-অনুমোদিত নকশা প্রকাশ করেছে। এসব নকশা আগে থেকেই যাচাই করা থাকায় দ্রুত অনুমোদন পাওয়া সম্ভব হবে। বাড়ির মালিকরা এসব নকশা বেছে নিলে তাদের নিবন্ধিত নকশা বিশেষজ্ঞদের সঙ্গে যুক্ত করে জমি অনুযায়ী চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে।

এই উদ্যোগের কেন্দ্রে রয়েছে "এডিইউ ফর ইউ" নামে একটি নতুন অনলাইন প্ল্যাটফর্ম। এখানে একটি পূর্ণাঙ্গ গাইডবুক, ধাপে ধাপে অনুমোদন প্রক্রিয়ার ব্যাখ্যা, নির্মাণ ব্যয়ের হিসাব এবং জমির উপযোগিতা যাচাইয়ের সুবিধা রাখা হয়েছে। ফলে আগে যেখানে জটিল প্রশাসনিক প্রক্রিয়া অনেককে নিরুৎসাহিত করত, এখন সেটি অনেকটাই সহজ হয়ে আসবে বলে মনে করছে সিটি কর্তৃপক্ষ।

সোমবার থেকে বিমানবন্দরে আইস মোতায়েন

প্রথম পৃষ্ঠার পর

অপরদিকে এ অচলাবস্থা নিরসনে নতুন উদ্যোগ নিয়েছে হোয়াইট হাউস। ডেমোক্র্যাটদের সঙ্গে সমঝোতায় পৌঁছাতে অভিবাসন ও নিরাপত্তা নীতিতে কিছু ছাড় দিয়ে আলোচনায় অগ্রগতির ইঙ্গিত মিলেছে। তবে চলতি সপ্তাহে সমঝোতা না হলে পরিস্থিতি আরো নাজুক হতে পারে ও টিএসএ চেকিংয়ে আইস মোতায়েনের খবরে উদ্বেগের সৃষ্টি হয়েছে।

হোয়াইট হাউসের সীমান্ত বিষয়ক প্রধান টম হোম্যান রবিবার এক সাক্ষাৎকারে জানান, এই পরিকল্পনা এখনও চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং কোথায় কতজন সদস্য মোতায়েন করা হবে, তা নিয়ে কাজ চলছে। তিনি বলেন, অভিবাসন বাহিনীর সদস্যদের এক্স-রে মেশিনে বসিয়ে স্ক্যানিং করানোর প্রশ্নই আসে না, কারণ আইস সেই কাজে প্রশিক্ষিত নন।"

তবে তিনি ব্যাখ্যা করেন, বিমানবন্দরের নিরাপত্তা ব্যবস্থার এমন কিছু দায়িত্ব রয়েছে যেমন প্রবেশ ও বহির্গমন পথ পর্যবেক্ষণ, লাইন নিয়ন্ত্রণ যেগুলো তারা নিতে পারেন। এতে করে পরিবহন নিরাপত্তা প্রশাসনের কর্মকর্তারা তাদের বিশেষায়িত কাজ, অর্থাৎ যাত্রী ও লাগেজ স্ক্রিনিংয়ে বেশি মনোযোগ দিতে পারবেন।

হোম্যান আরও জানান, তিনি ভারপ্রাপ্ত আইস প্রধান টড লায়ন্স এবং পরিবহন নিরাপত্তা প্রশাসনের ভারপ্রাপ্ত প্রশাসকের সঙ্গে সমন্বয় করে পরিকল্পনা তৈরি করছেন। তার মতে, যেসব বিমানবন্দরে সবচেয়ে বেশি দীর্ঘ লাইন এবং অপেক্ষার সময় রয়েছে, সেসব স্থানকে অগ্রাধিকার দেওয়া হবে।

এসব সদস্য মূলত সহায়ক ভূমিকা পালন করবেন বিমানবন্দরের প্রবেশ ও বহির্গমন পয়েন্টে দায়িত্ব নিয়ে নিরাপত্তা লাইনের চাপ কমাতে সহায়তা করবেন। এর ফলে পরিবহন নিরাপত্তা প্রশাসনের কর্মকর্তারা যাত্রী ও লাগেজ তল্লাশির মতো গুরুত্বপূর্ণ কাজে আরও বেশি সময় দিতে পারবেন।

রবিবার সিএনএন জানায়, এই পরিকল্পনা নিয়ে প্রশাসনের ভেতরেও কিছুটা ভিন্নমত দেখা গেছে। পরিবহন খাতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা ইঙ্গিত দিয়েছেন, অভিবাসন বাহিনীর সদস্যদের ভূমিকা আরও বিস্তৃত হতে পারে। ফলে বাস্তবে তারা কী ধরনের কাজ করবেন, তা নিয়ে এখনো স্পষ্টতা নেই।

এর আগে শনিবার সিএনএন নিউজের প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) তহবিল নিয়ে কয়েক সপ্তাহ ধরে চলা অচলাবস্থা এখন সরাসরি প্রভাব পড়েছে বিমানবন্দরগুলোতে। কর্মী সংকট, দীর্ঘ লাইন এবং অনিশ্চয়তায় বিপর্যস্ত যাত্রীরা। আর এর মাঝেই পরিস্থিতি সামাল দিতে কঠোর অবস্থান নিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

নিজের ট্রুথ সোশ্যালে দেওয়া এক বার্তায় তিনি সতর্ক করে বলেন, ডেমোক্র্যাটরা যদি নিরাপত্তা নিশ্চিতে সহযোগিতা না করে, তাহলে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এজেন্টদের বিমানবন্দরে মোতায়েন করা হবে। তিনি দাবি করেন, "আইস আগের যেকোনো সময়ের চেয়ে ভালোভাবে" দায়িত্ব পালন করতে পারবে এবং ইতোমধ্যেই প্রস্তুত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

তবে এই পরিকল্পনা নিয়ে শুরু থেকেই প্রশ্ন উঠেছে। ট্রান্সপোর্টেশন সিকিউরিটি এডমিনিস্ট্রেশন (টিএসএ) কর্মীদের এয়ারপোর্টে যাত্রীদের নিরাপত্তা চেকিংয়ে বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন থাকে। সেক্ষেত্রে আইস এজেন্টকে মোতায়েন করা হয় সে দায়ি কতটুকু পালন করতে পারবে সেটি নিয়ে শংকা সৃষ্টি হয়েছে।

শ্রমিক ইউনিয়নগুলো এই সিদ্ধান্তের তীব্র সমালোচনা করেছে। তাদের মতে, অভিবাসন ও শুল্ক প্রয়োগকারী সংস্থার সদস্যরা বিমান নিরাপত্তা তল্লাশির জন্য প্রশিক্ষিত নন। ফলে তাদের মোতায়েন কোনো কার্যকর সমাধান নয়, বরং এটি নিরাপত্তা ঝুঁকি বাড়াতে পারে। ইউনিয়ন নেতারা আরও বলেন, দীর্ঘমেয়াদি সমাধান হলো দ্রুত অর্থায়ন নিশ্চিত করে বেতন বকেয়া পরিশোধ করা, যাতে দক্ষ কর্মীরা কাজে ফিরে আসেন।

ডেমোক্র্যাট নেতারা অভিযোগ করেছেন, প্রশাসন পরিস্থিতি সমাধানের পরিবর্তে চাপ সৃষ্টি করতে এই পদক্ষেপ নিচ্ছে। অন্যদিকে রিপাবলিকানরা বলছেন, দ্রুত সমাধানের জন্য বিরোধী পক্ষকেও সমঝোতায় আসতে হবে। বর্তমানে কংগ্রেসে আলোচনা চললেও অর্থায়ন নিয়ে সমঝোতার কোনো স্পষ্ট অগ্রগতি দেখা যাচ্ছে না। সামনে নির্ধারিত ছুটির আগে সমাধান না হলে পরিস্থিতি আরও জটিল হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

এদিকে চলমান অচলাবস্থার সবচেয়ে বড় প্রভাব পড়েছে টিএসএ কর্মীদের ওপর। প্রায় এক মাস ধরে হাজার হাজার কর্মী বেতন ছাড়াই কাজ করছেন। কর্মীদের ওপর এই চাপ শুধু প্রশাসনিক নয়, মানবিক সংকটেও রূপ নিচ্ছে। অনেকেই বাড়িভাড়া দিতে পারছেন না, কেউ আর্থিক অনিশ্চয়তায় ভুগছেন, এমনকি খাবারের সংকটেও পড়েছেন বলে জানা গেছে। এর ফলে অনুপস্থিতির হার বেড়েছে, অনেকে চাকরি ছেড়ে দিচ্ছেন, আর এতে করে বড় বিমানবন্দরগুলোতে নিরাপত্তা লাইনে অপেক্ষার সময় দুই থেকে তিন ঘণ্টা ছাড়িয়ে যাচ্ছে।

সিএনএন জানায়, আটলান্টার ব্যস্ততম বিমানবন্দরে এক যাত্রী তিন ঘণ্টার বেশি অপেক্ষা করেও ফ্লাইট ধরতে পারেননি বলে জানান। একই ধরনের চিত্র দেখা গেছে হিউস্টনসহ বিভিন্ন বড় বিমানবন্দরে, যেখানে যাত্রীরা পরিস্থিতিকে "অবিশ্বাস্য" বলে বর্ণনা করছেন।

রাজনৈতিক অচলাবস্থাও পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। ডেমোক্র্যাটরা অভিবাসন নীতিতে সংস্কারের দাবি তুলছেন, বিশেষ করে মিনিয়াপোলিসে অভিযানের সময় দুইজন নিহত হওয়ার ঘটনার পর। অন্যদিকে রিপাবলিকানরা ডিএইচএস এর পূর্ণাঙ্গ তহবিল ছাড়া অন্য কোনো সমাধানে রাজি নন।

প্রেসিডেন্টের ঘোষণার তীব্র সমালোচনা করেছেন ডেমোক্রাট সিনেটর রিচার্ড ব্লুমেনথাল, যিনি এটিকে আইনি ও সাংবিধানিকভাবে প্রশ্নবিদ্ধ বলে উল্লেখ করেন। আরেক সিনেটর মার্ক ওয়ার্নার বলেন, এই পদক্ষেপ সমস্যার মূল সমাধান নয়, বরং দ্রুত টিএসএ তহবিল নিশ্চিত করাই জরুরি।

তবে রিপাবলিকান সিনেটর জন কেনেনড্জ আংশিক সমর্থন দিয়ে বলেন, ভিড় নিয়ন্ত্রণে আইসিই সহায়ক হতে পারে, যদিও এটি দীর্ঘমেয়াদি সমাধান নয়। সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা জন থুন আশা প্রকাশ করেছেন, দ্রুত সমঝোতা হবে এবং এমন পরিস্থিতির প্রয়োজন পড়বে না।

অন্যদিকে প্রযুক্তি উদ্যোক্তা ইলন মাস্ক সামাজিক মাধ্যমে প্রস্তাব দিয়েছেন, সংকট চলাকালে তিনি টিএসএ কর্মীদের বেতন দিতে প্রস্তুত। যদিও এ প্রস্তাবের আইনি ভিত্তি নিয়ে অনিশ্চয়তা রয়েছে।

এদিকে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) তহবিল নিয়ে দীর্ঘ অচলাবস্থা নিরসনে এদিকে প্রশাসন ডেমোক্র্যাটদের সঙ্গে সমঝোতায় পৌঁছাতে নতুন নীতিগত প্রস্তাব সামনে এনেছে, যা চলমান রাজনৈতিক অচলাবস্থা ভাঙার একটি প্রচেষ্টা হিসেবে দেখা হচ্ছে।

হোয়াইট হাউস এক চিঠির মাধ্যমে জানিয়েছে, তারা পাঁচটি গুরুত্বপূর্ণ নীতিগত পরিবর্তন আইনে অন্তর্ভুক্ত করতে প্রস্তুত। এর মধ্যে রয়েছে ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের জন্য বডি ক্যামেরা ব্যবহারের পরিধি বাড়ানো, হাসপাতাল ও স্কুলের মতো সংবেদনশীল স্থানে অভিযান সীমিত করা, ডিএইচএস আটক কেন্দ্রগুলোর ওপর বাড়তি নজরদারি, কর্মকর্তাদের পরিচয় স্পষ্টভাবে প্রদর্শন নিশ্চিত করা এবং যুক্তরাষ্ট্রের নাগরিকদের আটক বা বহিষ্কার না করার বিদ্যমান আইন কঠোরভাবে মেনে চলা।

প্রশাসনের এক জ্যেষ্ঠ কর্মকর্তা এই প্রস্তাবকে "সৎ প্রচেষ্টা" হিসেবে উল্লেখ করে বলেন, দ্রুত অচলাবস্থা নিরসন এখন জরুরি। কারণ এর প্রভাব ইতোমধ্যে দেশের ভ্রমণ ব্যবস্থা ও নিরাপত্তা কার্যক্রমে পড়ছে।

তবে প্রস্তাবে কিছু গুরুত্বপূর্ণ ব্যতিক্রম রাখা হয়েছে। জাতীয় নিরাপত্তা বা জননিরাপত্তার ঝুঁকি থাকলে সংবেদনশীল স্থানেও অভিযান চালানো যাবে। একই সঙ্গে আন্ডারকভার কর্মকর্তাদের জন্য বডি ক্যামেরা ব্যবহার বা পরিচয় প্রদর্শনের বাধ্যবাধকতা থাকবে না।

অন্যদিকে ডেমোক্র্যাটদের দুটি বড় দাবি বেসরকারি সম্পত্তিতে প্রবেশের আগে বিচারিক পরোয়ানা বাধ্যতামূলক করা এবং ফেডারেল এজেন্টদের মুখোশ পরা নিষিদ্ধ করাড়এই প্রস্তাবে অন্তর্ভুক্ত করা হয়নি। এ কারণে এখনো মতপার্থক্য রয়ে গেছে।

সিনেট সংখ্যালঘু নেতা চাক শুমার মন্তব্য করেছেন, প্রশাসন এখনো মূল বিষয়গুলোতে যথেষ্ট ছাড় দেয়নি। তবে আলোচনার দরজা খোলা রয়েছে।

এদিকে আলোচনায় গতি আনতে ট্রাম্প প্রশাসনের বর্ডার জার দ্বিদলীয় সিনেটরদের সঙ্গে একাধিক বৈঠক করেছেন। সর্বশেষ বৈঠক শেষে তিনি জানান, আলোচনা ইতিবাচক হয়েছে এবং সরকার পুনরায় চালু করা এখন অগ্রাধিকার।

এই বৈঠকে অংশ নেন সিনেটের শীর্ষ ডেমোক্র্যাট বাজেট নির্ধারক প্যাটি ম্যুরসহ আরও কয়েকজন আইনপ্রণেতা। যদিও বৈঠকের পর ডেমোক্র্যাটরা প্রকাশ্যে বিস্তারিত মন্তব্য করতে চাননি, তবে তাদের পক্ষ থেকে জানানো হয়েছে সমঝোতায় পৌঁছাতে এখনও কিছুটা সময় লাগবে এবং গুরুত্বপূর্ণ সংস্কারগুলো নিশ্চিত করতে হবে।

রিপাবলিকানদের পক্ষ থেকে ইতিবাচক প্রতিক্রিয়া এসেছে। সিনেটর জন হোএভ্যান বলেন, আলোচনায় অগ্রগতি হয়েছে এবং হোয়াইট হাউস আগের প্রস্তাবের তুলনায় আরও বিস্তারিত পরিকল্পনা দিয়েছে, এমনকি খসড়া আইনও যুক্ত করা হয়েছে।

সিনেট অ্যাপ্রোপ্রিয়েশনস কমিটির চেয়ার সোস্যান কোলিন্স প্রস্তাবটিকে "ন্যায্য ও যুক্তিসঙ্গত" বলে মন্তব্য করেছেন এবং আশা প্রকাশ করেছেন যে ডেমোক্র্যাটরা পাল্টা প্রস্তাব দেবে।

তবে কয়েকটি গুরুত্বপূর্ণ ইস্যু এখনো অমীমাংসিত। বিশেষ করে অভিবাসন অভিযানের ক্ষেত্রে বিচারিক পরোয়ানা বাধ্যতামূলক করা এবং কর্মকর্তাদের মুখোশ পরা নিষিদ্ধ করার বিষয়ে দুই দলের অবস্থান বিপরীতমুখী।

তবে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের বিরুদ্ধে তথ্য ফাঁস বা হয়রানির জন্য কঠোর শাস্তির বিষয়ে উভয় পক্ষের মধ্যে সমঝোতার সম্ভাবনা তৈরি হয়েছে বলে ইঙ্গিত দিয়েছেন জন হোএভ্যান।

এদিকে হোমল্যান্ড সিকিউরিটি তহবিল কমিটির চেয়ার ক্যাটি ব্রিট সতর্ক করে বলেছেন, আগামী সপ্তাহের মধ্যেই সমাধানে পৌঁছানো জরুরি, কারণ অচলাবস্থা দীর্ঘায়িত হলে এর প্রভাব আরও গভীর হবে।

বিশেষজ্ঞরা সতর্ক করছেন, দীর্ঘ লাইনে জমে থাকা ভিড় নিজেই নিরাপত্তা ঝুঁকি তৈরি করছে এবং বড় ধরনের হুমকির লক্ষ্যবস্তু হয়ে উঠতে পারে।

সব মিলিয়ে, ডিএইচএস তহবিল নিয়ে রাজনৈতিক অচলাবস্থা যত দীর্ঘ হচ্ছে, ততই যুক্তরাষ্ট্রের বিমানবন্দরগুলোতে বিশৃঙ্খলা বাড়ছে আর যাত্রীদের ভোগান্তিও তত গভীর হচ্ছে।

টিএসএ কর্মী সংকট বাড়ছে

প্রথম পৃষ্ঠার পর

পর্যায়ে যাত্রীদের প্রায় চার ঘণ্টা অপেক্ষা করতে হয়েছে নিরাপত্তা তল্লাশি পার হতে। হিউস্টন, আটলান্টা ও নিউ অরলিন্সসহ বিভিন্ন শহরেও দুই ঘণ্টার বেশি অপেক্ষার ঘটনা ঘটেছে। কোথাও কোথাও নিরাপত্তা চেকপয়েন্ট আংশিক বন্ধ রাখতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ।

সবচেয়ে বেশি অনুপস্থিতির হার দেখা গেছে হিউস্টনের উইলিয়াম পি. হবি বিমানবন্দর, জর্জ বুশ আন্তঃমহাদেশীয় বিমানবন্দর, নিউ অরলিন্সের লুই আর্মস্ট্রং আন্তর্জাতিক বিমানবন্দর, আটলান্টার হার্টসফিল্ড-জ্যাকসন আন্তর্জাতিক বিমানবন্দর এবং নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে। এসব স্থানে অনুপস্থিতির হার ৩০ থেকে ৪৭ শতাংশ পর্যন্ত পৌঁছেছে, যা নিরাপত্তা ব্যবস্থাকে কার্যত অচল করে দিচ্ছে।

নিউইয়র্ক স্টেটে ক্যাশ পেমেন্ট কার্যকর

প্রথম পৃষ্ঠার পর

কার্যকর করা হয়েছে। এতে গ্রাহকরা ক্রেডিট কার্ড বা ডিজিটাল পেমেন্ট ছাড়া ক্যাশ পেমেন্ট করতে চাইলে ব্যবসা প্রতিষ্ঠান সেটি গ্রহণ করতে হবে।

এই আইন অনুযায়ী, কেউ নগদে পণ্য বা সেবা কিনতে চাইলে দোকান তা প্রত্যাখ্যান করতে পারবে না। পাশাপাশি নগদে পেমেন্ট করলে অতিরিক্ত মূল্যও ধার্য করা যাবে না।

নতুন নিয়ম লঙ্ঘন করলে দোকানগুলোকে জরিমানা গুনতে হবেড় প্রথমবার অপরাধে সর্বোচ্চ ১,০০০ ডলার এবং পুনরাবৃত্তি হলে ১,৫০০ ডলার পর্যন্ত।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, নাগরিকদের পেমেন্ট পদ্ধতি যাই হোক না কেন, তাদের সেবা পাওয়ার অধিকার রয়েছে। তিনি আরও জানান, দোকান যদি নগদ গ্রহণে অস্বীকৃতি জানায় বা অতিরিক্ত চার্জ করে, তবে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

এই আইনটি মূলত ২০২০ সাল থেকে নিউইয়র্ক সিটিতে চালু থাকা একই ধরনের নিয়মকে রাজ্যব্যাপী সম্প্রসারণ করেছে।

বিশেষজ্ঞদের মতে, এই পদক্ষেপ ডিজিটাল পেমেন্টের যুগেও নগদ অর্থ ব্যবহারকারীদের সুরক্ষা নিশ্চিত করবে এবং ছোট ও দৈনন্দিন কেনাকাটায় ভোক্তাদের বিকল্প বজায় রাখবে।

নিউইয়র্ক সিটির সড়কজুড়ে হাজারো 'বিপৎজনক পটহোল'

প্রথম পৃষ্ঠার পর



কারণে ছোট-বড় দুর্ঘটনার পাশাপাশি প্রণাহানীর ঘটনাও ঘটছে। এদিকে এসব পটহোল সংস্কারে মাঠে কাজ শুরু করছেন সিটি কর্তৃপক্ষ। তবে সিটি কাউন্সিলে সদস্যরা দীর্ঘমেয়াদে স্থায়ী সংস্কারে ৪৬ মিলিয়ন ডলার বরাদ্দ চেয়েছেন।

নিউইয়র্ক সিটির ব্রঙ্কস, কুইন্স এবং ব্রুকলিন জুড়ে পটহোলের সংখ্যা দ্রুত বাড়ছে। এতে অনেক এলাকায় রাস্তার অবস্থা এতটাই খারাপ যে প্রতিদিনের যাতায়াতে গাড়িচালকদের নিয়মিত পথ পরিবর্তন করতে হচ্ছে। হঠাৎ তৈরি হওয়া গভীর গর্তগুলোতে গাড়ির চাকা, সাসপেনশন এমনকি স্টিয়ারিং সিস্টেম পর্যন্ত ক্ষতিগ্রস্ত হওয়ার অভিযোগ উঠছে।

চালকদের অনেকেই বলছেন, একই রাস্তায় বারবার গর্ত দেখা যাচ্ছে, আর প্রতিবারই তা সাময়িকভাবে ভরাট করা হলেও কিছুদিনের মধ্যেই আবার আগের অবস্থায় ফিরে যাচ্ছে। ফলে সমস্যা যেন "শেষ না হওয়া চক্রে" পরিণত হয়েছে।

সর্বশেষ তথ্য অনুযায়ী, চলতি বছরের ২১ মার্চ পর্যন্ত শহরে মোট ২২ হাজার ৮৮৭টি পোটহোল সংক্রান্ত অভিযোগ জমা পড়েছে, যা গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ১১৯ শতাংশ বেশি। এটি সিটির ইতিহাসে অভিযোগ বৃদ্ধির সর্বোচ্চ হারগুলোর একটি হিসেবে বিবেচিত হচ্ছে। সবচেয়ে বেশি অভিযোগ এসেছে কুইন্স এলাকা থেকে, যেখানে একাই ১০ হাজারের বেশি রিপোর্ট করা হয়েছে। এরপর রয়েছে ব্রুকলিন, ম্যানহাটন, স্ট্যাটেন আইল্যান্ড এবং ব্রঙ্কস।

পোটহোলের কারণে শুধু যানবাহনের ক্ষতিই নয়, প্রাণহানির ঘটনাও ঘটেছে। সম্প্রতি কুইন্সের ওজোন পার্ক এলাকায় একটি বড় গর্তে পড়ে এক স্কুটার আরোহীর মৃত্যু হয়, যা এই সংকটের ভয়াবহতা আরও স্পষ্ট করে তুলেছে।

পরিস্থিতি সামাল দিতে সিটি পরিবহন বিভাগ জরুরি ভিত্তিতে 'ব্লিটজ' কর্মসূচি চালু করেছে। একাধিক দিনে একযোগে ৮০টিরও বেশি মেরামত দল মাঠে নেমে কাজ করছে। শুধুমাত্র একদিনেই প্রায় ৮ হাজার পোটহোল মেরামতের দাবি করেছে কর্তৃপক্ষ। এ বছর এখন পর্যন্ত মোট ৭০ হাজারের বেশি গর্ত ভরাট করা হয়েছে বলে জানানো হয়েছে।

তবে অভিযোগ রয়েছে, দ্রুত মেরামতের এই উদ্যোগ যথেষ্ট নয়। শহরের ৩১১ সেবায় জমা পড়া চার হাজারের বেশি অভিযোগ এখনো নিষ্পত্তিহীন অবস্থায় রয়েছে। শ্রমিক সংকটও বড় একটি সমস্যা হিসেবে দেখা দিয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন নেতাদের মতে, পর্যাপ্ত জনবল না থাকায় সময়মতো সব গর্ত মেরামত করা সম্ভব হচ্ছে না, এবং পুরো পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে জুন মাস পর্যন্ত সময় লাগতে পারে।

ব্রঙ্কসের এডি এভিনিউ ও বোওক এভিনিউ এলাকার একটি পটহোল, যেটিকে অনেকে সিটির "সবচেয়ে পুরনো" গর্ত বলে দাবি স্থানীয়দের। ২০১০ সাল থেকে এ নিয়ে নথিভুক্ত অভিযোগ থাকলেও স্থানীয়দের দাবি, এটি আরও অনেক আগে থেকেই রয়েছে। বারবার মেরামত সত্ত্বেও ভারী ট্রাফিক এবং রাস্তার নিচের দুর্বল কাঠামোর কারণে এটি পুনরায় খুলে যাচ্ছে।

একজন বাসিন্দার ভাষায়, "গর্তটি ঠিক করা হয়, কিছুদিন ভালো থাকে, তারপর আবার আগের মতোই ফিরে আসে।"

আরেকজন বাসিন্দা বলেন, এটি এতটাই পরিচিত যে এলাকাবাসী এখন সেটিকে এড়িয়ে চলতে শিখে গেছে।

সিটিব্যাপী পরিস্থিতি আরও উদ্বেগজনক। চলতি বছরে এখন পর্যন্ত হাজার হাজার পটহোল অভিযোগ জমা পড়েছে, যা আগের বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। কিছু ক্ষেত্রে গুরুতর দুর্ঘটনাও ঘটেছে, যার মধ্যে স্কুটার চালকের মৃত্যুর ঘটনাও রয়েছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এতে করে পটহোল এখন কেবল যানবাহনের ক্ষতির বিষয় নয়, বরং প্রাণঘাতীর কারণ হিসেবে পরিণত হয়েছে।

তবে সিটির অনেকের দাবি এটি শুধুই অস্থায়ী সমাধান। শীতের পর তাপমাত্রা ওঠানামা, বরফ গলা-জমার পুনরাবৃত্তি এবং পুরনো রাস্তার নিচের দুর্বল ভিত্তি সব মিলিয়ে নতুন করে গর্ত তৈরি হচ্ছে দ্রুত গতিতে। ফলে মেরামত যতই বাড়ানো হোক, সমস্যাও সমান গতিতে ফিরে আসছে।

এই পরিস্থিতি মোকাবিলায় ও স্থায় সমাধানে সিটি কাউন্সিল অতিরিক্ত ৪৬ মিলিয়ন ডলার বরাদ্দের দাবি তুলেছে। তাদের যুক্তি, বর্তমান বাজেট দিয়ে শুধু জরুরি মেরামত করা সম্ভব হলেও টেকসই রোড রিসারফেসিং করা যাচ্ছে না। প্রস্তাব অনুযায়ী, রাস্তা পুনর্নির্মাণের লক্ষ্য আরও বাড়িয়ে শত শত অতিরিক্ত লেন মাইল কাজ যুক্ত করার কথাও বলা হয়েছে।

কাউন্সিল নেতারা সতর্ক করে বলেছেন, শুধুমাত্র প্যাচওয়ার্ক বা অস্থায়ী ভরাট দিয়ে এই সংকট সমাধান হবে না। বরং প্রয়োজন বড় আকারের পুনর্নির্মাণ, যাতে রাস্তার ভিত্তি থেকে সমস্যা দূর করা যায়।

অন্যদিকে ডিওটি দাবি করছে, তারা ইতোমধ্যে নির্ধারিত বার্ষিক লক্ষ্য পূরণ বা অতিক্রম করছে। সিটি জুড়ে হাজার হাজার পটহোল মেরামত করা হয়েছে এবং অতিরিক্ত কর্মী নিয়োগ করে কাজ দ্রুত করার চেষ্টা চলছে। তবে তারা এটাও স্বীকার করছে যে, সীমিত জনবল এবং আবহাওয়ার প্রভাব কাজকে ধীর করছে।

পরিসংখ্যান আরও দেখাচ্ছে, শুধুমাত্র চলতি শীতকালেই হাজার হাজার নতুন পটহোল তৈরি হয়েছে। ফলে মেরামতের গতি যতই বাড়ুক না কেন, নতুন ক্ষতির চাপ তা ছাপিয়ে যাচ্ছে।

বিশেষজ্ঞদের মতে, নিউইয়র্ক সিটির পটহোল সমস্যা মূলত অস্থায়ী অবকাঠামোর ফল। তাই সাময়িক মেরামত কার্যকর হলেও তা স্থায়ী সমাধান দিতে পারছে না।

নিউইয়র্কে পৃথক সড়ক দুর্ঘটনায়

শেষ পৃষ্ঠার পর

এক সাইক্লিস্ট নিহত হন। আরেক সাইক্লিস্টসহ আরও কয়েকজন আহত হলেও তারা বর্তমানে স্থিতিশীল অবস্থায় রয়েছেন। ৪৯ বছর বয়সী চালককে হেফাজতে নেওয়া হয়েছে এবং তার বিরুদ্ধে অভিযোগ আনার প্রস্তুতি চলছে। অন্যদিকে, শুক্রবার ভোরে আপার ইস্ট সাইডের লেক্সিংটন অ্যাভিনিউ ও ইস্ট ৬১তম স্ট্রিট এলাকায় এক ৪৪ বছর বয়সী পথচারীকে গাড়িচাপা দিয়ে পালিয়ে যায় অজ্ঞাত এক চালক। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পুলিশ জানিয়েছে, দুটি ঘটনাই তদন্তাধীন। বিশেষ করে আপার ইস্ট সাইডের ঘটনায় জড়িত পলাতক চালককে এখনো শনাক্ত করা যায়নি। সব মিলিয়ে, নিউইয়র্কের ব্যস্ত সড়কে এই দুই মর্মান্তিক দুর্ঘটনা আবারও নগরীর সড়কনিরাপত্তা নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি করেছে।



এক স্লিপ

শেষ পৃষ্ঠার পর

হতাহত হয়েছে। এই হামলা নিয়ে বিশ্ববাসী উদ্বিগ্ন। আশঙ্কা তৃতীয় বিশ্ব যুদ্ধের। ইরানে হামলার ঘটনা এখন 'টপ অব দ্যা ওয়ার্ল্ড'-এ পরিণত হয়েছে। বিভিন্ন দেশের মতো নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের সর্বত্রই এখন আলোচিত হচ্ছে হামলার ঘটনা। চলছে পক্ষে-বিপক্ষে বাদানুবাদ। সোস্যাল মিডিয়াতেও চলছে নানা কথা। 'আমেরিকার মাটিতে বসে 'আমেরিকা-ইরান' যুদ্ধ নিয়ে সোশ্যাল মিডিয়ায় 'আবেগঘন' পোস্ট দেওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করা শ্রেয়'-এমন মন্তব্য করেছেন কেউ কেউ। কিন্তু কেন? এমন প্রশ্নও অনেকেরও। এসব নানা প্রশ্নের মধ্যে বড় প্রশ্ন হচ্ছে আসলেই কি 'তৃতীয় বিশ্ব যুদ্ধ' আসন্ন? *০১ মার্চ ২০২৬*

ভুয়া ম্যাসেজে 'জরিমানার ফাঁদ' প্রতারকদের

প্রথম পৃষ্ঠার পর

একটি লিংকও দেওয়া হচ্ছে, যেখানে ক্লিক করে টাকা পরিশোধ বা তথ্য দেওয়ার কথা বলা হয়।

কর্তৃপক্ষ স্পষ্টভাবে বলেছে, এই ধরনের সব বার্তাই ভুয়া। ডিএমভি কখনোই টেক্সটে মেসেজের মাধ্যমে অর্থ দাবি করে না বা ব্যক্তিগত তথ্য চায় না। তাই এমন কোনো বার্তা পেলে তা উপেক্ষা করতে এবং কোনোভাবেই সাড়া না দিতে পরামর্শ দেওয়া হয়েছে।

সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরাও সতর্ক করে বলছেন, এই ধরনের ফিশিং প্রতারণা এখন অনেক বেশি লক্ষ্যভিত্তিক হচ্ছে। সাধারণ মানুষকে বিভ্রান্ত করতে সরকারি সংস্থার নাম ব্যবহার করা হচ্ছে, যা সহজেই বিশ্বাসযোগ্য মনে হতে পারে।

প্রতারকদের ফাঁদ এড়াতে কর্তৃপক্ষ কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনা দিয়েছে। অপরিচিত বা সন্দেহজনক বার্তার লিংকে ক্লিক না করা, ইমেইল বা বার্তার মাধ্যমে ব্যক্তিগত তথ্য না দেওয়া, বানান বা ভাষাগত ভুল খেয়াল করা এবং সন্দেহজনক ওয়েবসাইটের ঠিকানা যাচাই করাড়এসব বিষয়ে সচেতন থাকার ওপর জোর দেওয়া হয়েছে।

বিশেষজ্ঞদের মতে, অনলাইনে যত কম ব্যক্তিগত তথ্য শেয়ার করা হবে, ততই প্রতারণার ঝুঁকি কমবে। কোনো বার্তা নিয়ে সন্দেহ হলে সরাসরি সংশ্লিষ্ট সরকারি সংস্থার অফিসিয়াল ওয়েবসাইট বা নম্বর ব্যবহার করে যাচাই করার পরামর্শ দেওয়া হয়েছে।

বেপরোয়া গাড়ি চালানো: ঈদের সময় দুর্ঘটনা বেশি

২-এর পৃষ্ঠার পর

এনেছে এই গবেষণা। এতে দেখা যায়, আহতরা দীর্ঘ সময় বড় ধরনের আতঙ্কের মধ্যে দিন কাটায়।

পুলিশ সদর দপ্তরের 'রিচার্জ, প্ল্যানিং অ্যান্ড ইনোভেশন' বিভাগ ২০২৪ সালে সড়ক দুর্ঘটনা কমিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের চ্যালেঞ্জ ও কৌশল নিয়ে গবেষণাটি করেছিল। গবেষণার কাজটি করে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড এনভায়রনমেন্টাল রিসার্চ।

প্রতিবেদনে বলা হয়, ঈদের সময় সড়কে বাড়তি চাপ দুর্ঘটনা বাড়িয়ে তোলে, তাতে হতাহতের সংখ্যাও বাড়ে। ঈদুল ফিতরের তুলনায় ঈদুল আজহায় দুর্ঘটনার হার বেশি দেখা যায়।

অন্য সব বছরের সঙ্গে তুলনা করে প্রতিবেদনে বলা হয়, কম-বেশি হলেও দুই ঈদের সময় দুর্ঘটনা এবং এতে হতাহতের হার প্রায় একই থাকছে। তাই ঈদের সময় সড়ক ব্যবস্থাপনায় কর্তৃপক্ষকে বাড়তি নজর দেওয়ার সুপারিশ করা হয় গবেষণা প্রতিবেদনে।



বেপরোয়া গাড়ি চালানোর কারণে দুর্ঘটনা বেশি

গবেষণায় দেখা গেছে, প্রধানত পাঁচটি কারণে সড়ক দুর্ঘটনা ঘটে। সবচেয়ে বেশি ৪২ শতাংশ দুর্ঘটনা ঘটে বেপরোয়া গাড়িতে চালানোর কারণে।

২৯ শতাংশ ঘটে সড়কের নাজুক অবস্থার কারণে। পথচারী পারাপারের জেব্রা ক্রসিং না থাকার কারণে ঘটে ১৯ শতাংশ দুর্ঘটনা। ৫ শতাংশ দুর্ঘটনা ঘটে গাড়ির যান্ত্রিক ত্রুটির কারণে, ৩ শতাংশ ঘটে চালকের নেশাগ্রস্ত থাকার কারণে। ২ শতাংশ দুর্ঘটনা ঘটে বিভ্রান্ত অবস্থায় গাড়ি চালানোর কারণে।

বিষয়টি নিয়ে আজিমপুর থেকে গাজীপুর রুটে চলাচলকারী একটি যাত্রাবাহী বাসের চালক হৃদয় মিয়া বলেন, গাড়িচালকদের নির্দিষ্ট কর্মঘণ্টা নেই। অতিরিক্ত সময় ধরে গাড়ি চালানোর কারণে তাঁরা ক্লান্ত হয়ে পড়েন। ক্লান্ত শরীরে গাড়ি চালানোর কারণে অনেক সময় দুর্ঘটনা ঘটে। তাঁর দাবি, দুর্ঘটনার জন্য কেবল চালক দায়ী নন, পথচারীদের কারণেও অনেক দুর্ঘটনা ঘটে।

গবেষণায় দেখা গেছে, সড়কে দুর্ঘটনাগুলোর মধ্যে সবচেয়ে বেশি ঘটনা পথচারীকে চাপা দেওয়ার। পথচারীর গাড়িচাপার ঘটনা ২৮ শতাংশ।

এরপরেই রয়েছে একটি গাড়ির পেছনে আরেকটি গাড়ির ধাক্কা দেওয়ার ঘটনা। এমন ঘটনা মোট সংঘটিত সড়ক দুর্ঘটনার ২৪ শতাংশ। দুই গাড়ির মুখোমুখি সংঘর্ষের ঘটনা ১৭ শতাংশ।

এ ছাড়া চালকের নিয়ন্ত্রণ হারানোর জন্য ১২ শতাংশ, থেমে থাকা গাড়ি ধাক্কা দেওয়ায় ৭ শতাংশ, চলন্ত দুটি গাড়ির পাশাপাশি সংঘর্ষের জন্য ১১ শতাংশ সড়ক দুর্ঘটনা ঘটে।

আহতদের মানসিক সমস্যা

গবেষণায় সড়ক দুর্ঘটনায় আহত ২০০ ব্যক্তির পরিবারের সঙ্গে কথা বলা হয়েছে। তাতে ফুটে ওঠে আহত ব্যক্তিদের মানসিক অবস্থার ওপর দুর্ঘটনার নেতিবাচক প্রভাব।

গবেষণায় দেখা যায়, আহত ব্যক্তিদের মধ্যে ২১ শতাংশ আতঙ্কে, ১৯ শতাংশ ট্রমায় ভোগেন। ১৭ শতাংশ আত্মবিশ্বাস হারান, ১২ শতাংশ হতাশায় ও ১২ ভাগ নানা মানসিক সমস্যায় ভোগেন। এ ছাড়া শারীরিক ব্যথাসহ নানা সমস্যা তো রয়েছেই। গবেষণায় অংশ নেওয়া ৯৮ শতাংশ সড়ক দুর্ঘটনাকে একটি গুরুতর সমস্যা বলে মনে করেন। বাকি ২ শতাংশ সড়ক দুর্ঘটনাকে প্রধান সমস্যা মনে করেন না।

দুর্ঘটনার শিকার কারা

গবেষণা প্রতিবেদনে দেখা গেছে, দুর্ঘটনার শিকার ব্যক্তিদের মধ্যে ৫৯ শতাংশ পুরুষ, ২৫ শতাংশ নারী ও ৩৬ শতাংশ শিশু।

পেশাগত দিক থেকে দুর্ঘটনার শিকার ব্যক্তিদের ২৯ শতাংশ ব্যবসায়ী। এরপর রয়েছে বেকার ১২ শতাংশ, গাড়ির চালক ১১ শতাংশ।

দুর্ঘটনায় শিকার ব্যক্তিদের মধ্যে ২৫ শতাংশ অশিক্ষিত, ২৫ শতাংশ এসএসসির দোরগোড়ায় এলেও পাস করতে পারেননি, প্রাথমিক শিক্ষা শেষ করেছেন ২৪ শতাংশ।

গবেষণায় দেখা গেছে, দুর্ঘটনার শিকার ব্যক্তিদের মধ্যে ৩২ শতাংশের মাসিক আয় ৫ হাজার টাকার নিচে। ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা আয় করতেন ২৮ শতাংশ।

গবেষণায় দেখা যায়, দুর্ঘটনার শিকার পরিবারগুলোর ৯৬ শতাংশই বলেছে, পরিবারে আহতদের মধ্যে কর্মসক্ষমতার ঘাটতি তৈরি হয়েছে।

সড়ক দুর্ঘটনা কমাতে সচেতনতা বৃদ্ধি, আইনের প্রয়োগ, উচ্চ দুর্ঘটনাপ্রবণ এলাকা চিহ্নিত করে ব্যবস্থা নেওয়াসহ বেশ কিছু সুপারিশ করা হয়েছে গবেষণা প্রতিবেদনে।

প্রতিবেদন : প্রথম আলো

বাংলাদেশে ঈদে সড়কে প্রাণ গেলো ২৬ জনের

২-এর পৃষ্ঠার পর

আরও তিনজন। হতাহতদের ফেনী সদর হাসপাতালে পাঠানো হয়েছে। রোববার (২২ মার্চ) ভোর ৪টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

মহিপাল হাইওয়ে থানার সার্জেন্ট কাজল কান্তি নাথ জানান, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ফেনী-রামপুর এলাকায় চট্টগ্রামমুখী লেনের কাজ চলছিল। সেখানে গতি কমাতে নতুন করে স্পিড ব্রেকার দেওয়া হয়েছিল। ভোর রাতে চট্টগ্রামমুখী একটি অ্যাম্বুলেন্স স্পীড ব্রেকারে ধীর গতিতে পার হচ্ছিল। এসময় শ্যামলী পরিবহণের একটি বাস অ্যাম্বুলেন্সটিকে পেছন থেকে ধাক্কা দেয়। এ ঘটনায় বাস ও অ্যাম্বুলেন্স চালকের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। তখন পেছনে থাকা দুই মোটরসাইকেলের আরোহী দাড়িয়ে বিষয়টি জানার চেষ্টা করেন। এ সময় আরও দুটি বাস পেছনে দাঁড়ায়।

তখন পেছন থেকে আসা দোয়েল পরিবহণের দ্রুত গতির স্লিপার বাস সামনে বাস ও মোটরসাইকেল চালকদের ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলে একজন মোটরসাইকেলের আরোহী এবং দোয়েল পরিবহণের সুপারভাইজার নিহত হন। অপর আহত চারজনকে ফেনী সদর হাসপাতালে নেওয়া হলে আরও একজনের মৃত্যু হয়। নিহতদের পরিচয় পাওয়া যায়নি। দুর্ঘটনায় চারটি বাস ও দুটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

নাটোরের বড়াইগ্রামে বিয়ের আগের দিন প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে মহাসড়কের পাশে রাখা ট্রাকের পিছনে ধাক্কা লেগে জুলফিকার আলী (২৯) নামে এক প্রকৌশলী নিহত হয়েছেন। রোববার সকালে উপজেলার গড়মাটি এলাকায় নাটোর-পাবনা মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে।

নিহত জুলফিকার আলী জিলু পাবনার ঈশ্বরদী থানার নওদাপাড়া গ্রামের আনসারুল হক প্রামাণিকের ছেলে। তিনি ঢাকায় একটি বেসরকারি প্রতিষ্ঠানে প্রকৌশলী হিসেবে কর্মরত ছিলেন। বিয়ের আগের দিন বরের এমন নির্মম মৃত্যুতে পুরো এলাকা জুড়ে আনন্দের পরিবর্তে শোকের ছায়া নেমে এসেছে।

প্রত্যক্ষদর্শী ও নিহতের স্বজনরা জানান, রোববার জুলফিকার আলীর আলীর গায়ে হলুদ ও সোমবার বিয়ের দিন ধার্য ছিল। রোববার সকালে তিনি বাড়ি থেকে নিজেই প্রাইভেটকার চালিয়ে বিয়ের অনুষ্ঠানে আসা বোন ও ভগিনীপতিকে নেওয়ার জন্য বড়াইগ্রামের বনপাড়ায় আসছিলেন। পথে উপজেলার গড়মাটি এলাকায় প্রাইভেটকারটি নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে একটি গাছের সঙ্গে ধাক্কা খেয়ে মহাসড়কের পাশে পার্কিং করে রাখা ট্রাকের পিছনে ঢুকে পড়ে। এতে প্রাইভেটকারটি দুমড়ে মুচড়ে গিয়ে তিনি ঘটনাস্থলেই মারা যান।

বনপাড়া হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনিরুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ ও প্রাইভেটকারটি উদ্ধার করে থানায় নিয়ে গেছে। নিহতের স্বজনদের কাছে লাশ হস্তান্তর করা হয়েছে।

কিশোরগঞ্জের কুলিয়ারচরে পিকআপভ্যানের চাপায় মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও একজন। রোববার (২২ মার্চ) বিকালে কিশোরগঞ্জ-ভৈরব মহাসড়কের কুলিয়ারচর উপজেলার দাড়িয়াকান্দি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- দরিয়াকান্দি এলাকার বিজয় (১৮) ও তার বন্ধু জাবির হোসেন (১৮)।

পুলিশ জানায়, কুলিয়ারচর উপজেলার ছয়সূতি ইউনিয়নের দারিয়াকান্দি এলাকায় একই মোটরসাইকেলে করে যাচ্ছিলেন তিন যুবক। এ সময় বিপরীত দিক থেকে আসা মুরগিবোঝাই করা একটি পিকআপভ্যান মোটরসাইকেলটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই নিহত হন বিজয় ও জাবির।

সুনামগঞ্জে ঈদের আনন্দে ঘুরতে যাওয়ার পথে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে দুই বন্ধু নিহত ও অপর একজন আহত হয়েছেন। রোববার দুপুরে সুনামগঞ্জ-দিরাই সড়কের শান্তিগঞ্জ উপজেলার গাগলী এলাকায় এই হতাহতের ঘটনা ঘটে।

নিহতরা হলেন- শান্তিগঞ্জ উপজেলার শিমুলবাক ইউনিয়নের মুক্তাখাই গ্রামের মৃত উকিল আলীর ছেলে সাফিকুল ইসলাম (২৮) ও তার বন্ধু সাইদুল ইসলাম।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, সাফিকুল ইসলাম নামের তরুণ দুই বন্ধুকে নিয়ে শান্তিগঞ্জের নিজ গ্রাম থেকে মোটরসাইকেল করে তাহিরপুরের পর্যটন কেন্দ্র শিমুল বাগানে ঘুরতে যাওয়ার জন্য রওনা দেন। পথে সুনামগঞ্জ-দিরাই সড়কের গাগলী এলাকায় এসে তাদের মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে মোটরসাইকেলের সামনের অংশ ভেঙে চুরমার হয়ে যায়। সফিকুলের শরীরের হাড় ভেঙে গাছের ভেতরে ঢুকে যায়। স্থানীয়রা তাদের উদ্ধার করে সুনামগঞ্জ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক সাফিকুল ইসলামকে মৃত ঘোষণা করেন।

তার সঙ্গে থাকা দুই বন্ধুর মধ্যে সাইদুল ইসলামের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে সিলেটের এমএজি ওসমানী মেডিকেল হাসপাতালে পাঠানো হলে পথে তার মৃত্যু হয় এবং অপর আহত গুলজার আহমদকে সুনামগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

সুনামগঞ্জ সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক আমজাদ হোসেন বললেন, মোটরসাইকেল দুর্ঘটনায় তিনজনের মধ্যে হাসপাতালে আসার আগেই একজনের মৃত্যু হয়েছে। একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে পথে তিনি মারা গেছে বলে জানা গেছে। অন্য আরেকজনকে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শান্তিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. অলি উল্যাহ বলেন, গাগলী এলাকায় মোটরসাইকেল দুর্ঘটনায় দুইজন নিহত ও একজন আহত হওয়ার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ব্যাপারে কোনো অভিযোগ পাওয়া যায়নি।

কক্সবাজারের টেকনাফে শাহপরীর দ্বীপ সড়কে সড়ক দুর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহী যুবকের মৃত্যু হয়েছে। রোববার বিকালে টেকনাফ উপজেলার সাবরাং ইউনিয়নের শাহপরীর দ্বীপ হারিয়াখালী সড়কে পর্যটকবাহী একটি গাড়ি ও মোটরসাইকেলের সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে। নিহত মো. আনিস (৩০) টেকনাফের সাবরাং ইউনিয়নের হারিয়াখালী এলাকার বকসুর ছেলে।

টেকনাফ মডেল থানার ওসি সাইফুল ইসলাম বলেন, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে। দুর্ঘটনায় জড়িত গাড়িটি শনাক্তের চেষ্টা চলছে।

নওগাঁর রাণীনগরে ঈদের দিন বন্ধুদের সঙ্গে বেরিয়ে ভটভটি উল্টে পুকুরে পড়ে এক কিশোর মারা গেছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত পাঁচজন। শনিবার রাত পৌনে ৯টার দিকে ভাটকৈ-দেউলা রাস্তার ভাটকৈ খগেনের পুকুরপাড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মো. হৃদয় (১২) রানীনগর উপজেলার আমিরপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে। রাণীনগর থানার পরিদর্শক (তদন্ত) বাবলু পাল এ ঘটনার সত্যতা করেছেন।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN 486 MCDONALD AVE BROOKLYN, NY 11218 PH: (718) 247-7226 Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA 87-12 167TH ST JAMAICA, NY 11432 PH: (718) 558-0280 Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

আমি আর আয়াতুল্লাহ মিলে হরমুজ প্রণালি নিয়ন্ত্রণ করব: ট্রাম্প



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ছবি: রয়টার্স

সিএনএন : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি 'খুব দ্রুতই খুলে দেওয়া হবে'। তিনি আরও বলেন, গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথের ওপর যুক্তরাষ্ট্র ও ইরানের যৌথ নিয়ন্ত্রণ দেখতে চান তিনি।

আজ সোমবার মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে এ কথা বলেন প্রেসিডেন্ট ট্রাম্প।

হরমুজ প্রণালি কবে নাগাদ আবার খুলে দেওয়া হতে পারে জানতে চাইলে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, ইরানের সঙ্গে আলোচনা যদি দ্রুত এগোয়, তবে 'এটি খুব শিগগির খুলে যাবে'।

প্রেসিডেন্ট ট্রাম্প আরও বলেন, 'এটি যৌথভাবে নিয়ন্ত্রিত হবে। আমি আর আয়াতুল্লাহ–যে আয়াতুল্লাহই হোন না কেন বা পরবর্তী আয়াতুল্লাহ যিনিই হোন।'

বিশ্বের মোট অপরিশোধিত তেল ও গ্যাসের এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালি দিয়ে পরিবহন করা হয়। গত ২৮ ফেব্রুয়ারি ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথ কার্যত বন্ধ রয়েছে।

যুদ্ধের শুরুর দিকে চালানো হামলায় ইরানের শীর্ষস্থানীয় নেতৃত্বের বড় অংশ নিহত হওয়ার বিষয়টি উল্লেখ করে ট্রাম্প বলেন, 'সেখানকার শাসনব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন ঘটবে। এটি স্বয়ংক্রিয়ভাবেই ঘটবে।'

সপ্তাহান্তের আলোচনা সংঘাত নিরসনে আশার আলো দেখাচ্ছে বলেও ইঙ্গিত দেন ট্রাম্প। তিনি বলেন, 'আমরা এমন কিছু লোকের সঙ্গে আলোচনা করছি, যাঁদের আমি খুব যুক্তিবাদী ও দৃঢ়চেতা মনে করি। ঘনিষ্ঠ মহলের লোকজন জানে তাঁরা কারা, তাঁরা বেশ সম্মানিত। হয়তো তাঁদের মধ্যেই কেউ একজন আমাদের কাঙ্ক্ষিত ব্যক্তি হবেন।'

ফ্লোরিডায় আজ সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেছিলেন, 'যুক্তরাষ্ট্রের "একজন শীর্ষ ব্যক্তির" সঙ্গে কথা হয়েছে, তবে সর্বোচ্চ নেতার সঙ্গে নয়। তিনি জীবিত আছেন কি না, আমরা জানি না।'



ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর জ্বালানি-বাণিজ্যের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ হরমুজ প্রণালি কার্যত বন্ধ রয়েছে। ১১ মার্চ, ২০২৬ ছবি: রয়টার্স

তেলের দাম ফের ১০০ ডলারের উপরে



অনলাইন ডেস্ক : ইরান যুদ্ধ নিয়ে অনিশ্চিত পরিস্থিতিতে তেলের দাম চড়তে শুরু করেছে। গতকাল সোমবার বড় পতনের পর ব্রেন্ট ক্রুড তেলের দাম আবারও প্রতি ব্যারেল ১০০ ডলারের উপরে উঠে এসেছে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি তাদের এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে।

বিবিসি জানায়, এশিয়ায় মঙ্গলবার (২৪ মার্চ) সকালে, ব্রেন্ট ক্রুড তেলের দাম প্রায় ৩.৭৫% বেড়ে ১০৩.৬৯ ডলারে পৌঁছেছে। আর নাইমেক্স লাইট সুইট তেলের দাম ৩.৪২% বেড়ে ৯১.৫৫ ডলার হয়েছে।

সোমবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ওপর নতুন করে হামলা পাঁচদিনের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নেন এবং তেহরানের সঙ্গে আলোচনাকে "খুবই ইতিবাচক" বলে অভিহিত করেন–এর প্রতিক্রিয়ায় তেলের দাম ১০ শতাংশেরও বেশি হ্রাস পেয়েছিল।

কিন্তু এখন বিনিয়োগকারীরা এই তথ্যকেও মাথায় রেখেছেন যে, তেহরান দাবি করেছে তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো আলোচনাই করেনি। ফলে বাজারে অনিশ্চয়তা এখনও কাটেনি। *সূত্র: বিবিসি*

নিউইয়র্ক সিটিতে 'কমিউনিটি সেফটি অফিস'

প্রথম পৃষ্ঠার পর

মামদানি। তবে ঘোষিত পরিকল্পনা নিয়ে শুরুতেই প্রশ্ন উঠেছে কারণ যেটিকে বড় পরিসরের বিভাগ হিসেবে গড়ে তোলার কথা ছিল, সেটি আপাতত সিটি হলের একটি অফিস হিসেবেই সীমাবদ্ধ রয়েছে।

শপথ নেওয়ার প্রায় ১১ সপ্তাহ পর মেয়র এই 'কমিউনিটি সেফটি অফিস' চালু করেন। তার নির্বাহী আদেশে ব্যাপক পরিবর্তনের কথা বলা হলেও বাস্তবে উদ্যোগটি সীমিত পরিসরে শুরু হয়েছে। মূলত অপরাধ প্রতিরোধ এবং কিছু জরুরি ফোনকলের বিকল্প সাড়া দেওয়ার ওপরই জোর দেওয়া হয়েছে।

মেয়র বলেন, জননিরাপত্তাকে নতুন দৃষ্টিভঙ্গিতে দেখার সময় এসেছে।যেখানে জটিলতা ও উদ্ভাবনকে গুরুত্ব দেওয়া হবে। নতুন এই অফিস বন্দুক সহিংসতা, পারিবারিক সহিংসতা, লিঙ্গভিত্তিক সহিংসতা এবং বিদ্বেষমূলক অপরাধ প্রতিরোধে কৌশল তৈরি করবে। পাশাপাশি এলাকাভিত্তিক সমস্যা সমাধান, ভুক্তভোগীদের সহায়তা এবং মানসিক স্বাস্থ্য সংকটে সাড়া দেওয়ার পরিকল্পনাও থাকবে।

ডেপুটি মেয়র রেনিটা ফ্রাঁসোয়া এই অফিসের কার্যক্রম তদারকি করবেন। তার ভাষায়, সমন্বয় ও বিনিয়োগের মাধ্যমে বাস্তব পরিবর্তন আনার লক্ষ্য নিয়েই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

মেয়রের মতে, অনেক সময় পুলিশি হস্তক্ষেপ মানসিকভাবে অস্থিতিশীল ব্যক্তিদের পরিস্থিতি আরও জটিল করে তোলে। তিনি মনে করেন, কিছু ক্ষেত্রে বেসামরিক কর্মীদের মাধ্যমে সাড়া দেওয়া বেশি কার্যকর হতে পারে।

নিউইয়র্ক পুলিশ বিভাগের কমিশনার জেসিকা টিশ সিটি কাউন্সিলে জানিয়েছেন, বর্তমানে জরুরি ফোনকলের খুব অল্প অংশড় প্রায় ২ শতাংশড়পুলিশ ছাড়া অন্যভাবে সামলানো সম্ভব।

বিশ্লেষকদের একাংশ বলছেন, এই উদ্যোগে নতুনত্বের চেয়ে পুরোনো কার্যক্রমগুলোকেই একত্র করা হয়েছে বেশি। সাবেক উপদেষ্টা ব্রায়ান স্টেটিন মনে করেন, এতে কিছু সংগঠনিক সুবিধা থাকতে পারে, তবে বড় ধরনের পরিবর্তনের স্পষ্ট রূপরেখা এখনো দেখা যাচ্ছে না।

লা গোর্ডিয়ায় বিমান বিধ্বস্ত

শেষ পৃষ্ঠার পর

এক্সপ্রেস বিমানের সঙ্গে এই সংঘর্ষে দুই পাইলট নিহত হন। আহত হন আরও কয়েকজন। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। কানাডার উড়োহাজাজ নির্মাতা সংস্থা বোম্বারডিয়ার অ্যারোস্পেসের তৈরি বোম্বারডিয়ার সিআরজে ৯০০ মডেলের বিমানটি কানাডার মন্ট্রিয়ল থেকে ৭২ জন যাত্রী ও চারজন ক্রু নিয়ে আসছিল। নিউইয়র্ক ও নিউজার্সির বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ক্যাথরিন গার্সিয়া জানান, বিমানটি পরিচালনা করছিল আঞ্চলিক অংশীদার জ্যাজ অ্যাভিয়েশন।

গার্সিয়া বলেন, আহত ৪১ জনের মধ্যে ৩২ জনকে ছেড়ে দেওয়া হয়েছে, তবে নয়জন 'গুরুতর আঘাত' নিয়ে হাসপাতালে রয়েছেন। আহতদের মধ্যে যাত্রী, ক্রু সদস্য এবং দমকল ট্রাকের দুই কর্মকর্তা ছিলেন। ওই দুই কর্মকর্তাও হাসপাতালে ভর্তি, তবে তাদের আঘাত প্রাণঘাতী নয়।

গার্সিয়া জানান, কানাডীয় বিমানটি অবতরণের সময় ফায়ার সার্ভিসের ট্রাকটি ইউনাইটেড এয়ারলাইসের একটি বিমানের দিকে যাচ্ছিল। সেই বিমানটিতে আগুন ধরে যাওয়ার পর যেমন গন্ধ তৈরি হয় সেরকম গন্ধ পাওয়া যাচ্ছিল। এর কয়েক মিনিট আগে প্রকাশিত এয়ার ট্রাফিক কন্ট্রোলের অডিওতে দেখা যায়, ইউনাইটেড এয়ারলাইনসের ফ্লাইটটি কেবিনে গন্ধের কারণে জরুরি অবস্থা ঘোষণা করে। নিয়ন্ত্রকেরা ক্রুকে জানিয়েছিলেন যে, ফায়ার সার্ভিসের ট্রাক এরই মধ্যে ঘটনাস্থলে রয়েছে।

পরের বার্তায় দেখা যায়, রানওয়ে ৪-এর ট্যাক্সিওয়ে 'ডেল্টা' দিয়ে ট্রাকটিকে পার হওয়ার অনুমতি দেওয়া হয়। সংঘর্ষের ঠিক আগে নিয়ন্ত্রকের কণ্ঠ শোনা যায়।ড়স্টপ, স্টপ, স্টপ, ট্রাক ১ থামুন।' ঠিক এই সময় প্রায় ঘণ্টায় ৩৯ কিমি বেগে বিমানটি ট্রাকটিকে আঘাত করে। স্থানীয় সময় রাত ১১টা ৩৭ মিনিটে শেষবারের মতো বিমানের তথ্য রেকর্ড করা হয়। দুর্ঘটনার পর তোলা ছবিতে বিমানের নাকটি তোবড়ানো এবং সামনের অংশ উপরের দিকে উঠে থাকা দেখা যায়।





নিউইয়র্ক বিমানবন্দরের রানওয়েতে সংঘর্ষ

আন্তর্জাতিক ডেস্ক : যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের লা গার্ডিয়া বিমানবন্দরে এয়ার কানাডার একটি প্লেনের সঙ্গে রানওয়েতে থাকা গাড়ির সংঘর্ষ হয়েছে। স্থানীয় সময় গতকাল রোববার রাতে এ ঘটনা ঘটে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

নিউইয়র্ক পুলিশ বিভাগের মিডিয়া অফিস সংঘর্ষের বিষয়টি নিশ্চিত করেছে। তারা বলেছে, ধারণা করা হচ্ছে নিউইয়র্ক বন্দর কর্তৃপক্ষের একটি গাড়ির সঙ্গে বিমানের সংঘর্ষ হয়েছে। তবে এ ঘটনায় কেউ হতাহত হয়েছে কি না সেটি জানায়নি পুলিশ।

সংবাদমাধ্যম এনবিসি নিউজ জানিয়েছে, রোববার স্থানীয় সময় রাত ১১টা ৩৮ মিনিটের দিকে এ ঘটনা ঘটে। এতে এখন পর্যন্ত চারজন আহত হয়েছেন। একটি সূত্র জানিয়েছে, বিমানটিতে ৭৬ জন যাত্রী এবং চারজন ক্রু ছিলেন।

দেশটির জাতীয় পরিবহন নিরাপত্তা বোর্ড জানিয়েছে, ঘটনা সম্পর্কে তারা তথ্য সংগ্রহ করছে। সংস্থাটি এর বেশি কিছু বলেনি।

বিমানবন্দরটি নিউইয়র্কের কুইন্স এলাকার পূর্ব এলহার্স্টে অবস্থিত।



মধ্যপ্রাচ্যে উভচর যুদ্ধজাহাজ ও অতিরিক্ত সেনা মোতায়েন হচ্ছে, কী পরিকল্পনা যুক্তরাষ্ট্রের



ইরানের ওপর যুক্তরাষ্ট্রের চলমান সামরিক অভিযানে বিমানবাহী রণতরি ইউএসএস অব্রাহাম লিংকনের ডেকে একটি এফ/এ-১৮ই সুপার হর্নেট যুদ্ধবিমানকে নির্দেশনা দিচ্ছেন মার্কিন নৌ সেনা। অজ্ঞাত স্থানে, ৪ মার্চ ২০২৬ছবি: রয়টার্স

রয়টার্স, ওয়াশিংটন : ইরানের সঙ্গে চলমান যুদ্ধে মধ্যপ্রাচ্যে উভচর যুদ্ধজাহাজ ও অতিরিক্ত কয়েক হাজার সেনা মোতায়েন করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। আজ শুক্রবার তিনজন মার্কিন কর্মকর্তা বার্তা সংস্থা রয়টার্সকে এ তথ্য জানিয়েছেন।

কর্মকর্তারা রয়টার্সকে বলেন, ইরানে সরাসরি সেনা পাঠানোর বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে এই অঞ্চলে ভবিষ্যৎ অভিযানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সেখানে নতুন সেনা মোতায়েন করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের উভচর নৌবহর 'ইউএসএস বক্সারের' মেরিন এক্সপিডিশনারি ইউনিট এবং সঙ্গে থাকা যুদ্ধজাহাজগুলো মধ্যপ্রাচ্যে মোতায়েন করা হচ্ছে বলে সম্প্রতি বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে উল্লেখ করা হয়। এমন এক সময়ে খবরটি প্রকাশ্যে এল, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন মধ্যপ্রাচ্যে তাদের অভিযান জোরদার করতে কয়েক হাজার সেনা মোতায়েনের কথা ভাবছে।

তবে ট্রাম্প গতকাল বৃহস্পতিবার সাংবাদিকদের বলেন, 'আমি কোথাও কোনো সেনা পাঠাচ্ছি না। তবে আমি যদি তা করিও, তা আমি সাংবাদিকদের বলব না।'

নাম প্রকাশ না করার শর্তে সূত্রগুলো জানিয়েছে, অতিরিক্ত এই সেনাদের সুনির্দিষ্ট ভূমিকা কী হবে, তা এখনো স্পষ্ট নয়। একজন কর্মকর্তা জানিয়েছেন, এই সেনারা পূর্বনির্ধারিত সময়ের প্রায় তিন সপ্তাহ আগেই যুক্তরাষ্ট্রের পশ্চিম উপকূল থেকে রওনা হয়েছেন।

হোয়াইট হাউস ও পেন্টাগন এ বিষয়ে তাৎক্ষণিকভাবে মন্তব্য করেনি। এই অতিরিক্ত মোতায়েন মধ্যপ্রাচ্যে বর্তমানে থাকা ৫০ হাজার মার্কিন সেনার সঙ্গে যুক্ত হবে। এর ফলে এ অঞ্চলে মেরিন এক্সপিডিশনারি ইউনিটের সংখ্যা দাঁড়াবে ২। সাধারণত প্রতিটি ইউনিটে আড়াই হাজার মেরিন সেনা থাকেন, যাঁরা জাহাজ থেকে বিমান হামলা চালানো বা স্থলভাগে অভিযানে পারদর্শী।

সূত্রগুলো আগে জানিয়েছিল, ইরানের বিরুদ্ধে গত ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া যুদ্ধের পরবর্তী পদক্ষেপের জন্য মার্কিন সামরিক বাহিনী প্রস্তুতি নিচ্ছে।

রয়টার্সের আগের প্রতিবেদন অনুযায়ী, সেই বিকল্পগুলোর মধ্যে ইরানের উপকূলে মার্কিন বাহিনী মোতায়েনের কথা রয়েছে; যাতে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক রাখা যায়। এ ছাড়া ইরানের খারগ দ্বীপেও সেনা পাঠানোর কথা বিবেচনা করছে ট্রাম্প প্রশাসনে। পারস্য উপসাগরের এই দ্বীপ থেকে ইরানের মোট রপ্তানি তেলের ৯০ শতাংশ প্রক্রিয়াজাত হয়।

ইরানে সেনা পাঠানো ট্রাম্পের জন্য সীমিত সময়ের জন্য হলেও বড় রাজনৈতিক ঝুঁকি তৈরি করতে পারে। কারণ, ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধে মার্কিন জনগণের সমর্থন খুবই কম। দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হওয়ার আগে নির্বাচনী প্রচারণায় ট্রাম্প প্রতিশ্রুতি দিয়েছিলেন, তিনি যুক্তরাষ্ট্রকে মধ্যপ্রাচ্যের নতুন কোনো সংঘাতে জড়াবেন না।

গতকাল বৃহস্পতিবার প্রকাশিত রয়টার্স/ইপসোসের জরিপে দেখা গেছে, প্রায় ৬৫ শতাংশ মার্কিন নাগরিক বিশ্বাস করেন, ট্রাম্প ইরানে বড় পরিসরে স্থলযুদ্ধের নির্দেশ দেবেন। তবে মাত্র ৭ শতাংশ মানুষ তা সমর্থন করেন।

ইরানে অপ্রয়োজনীয় এ যুদ্ধ শেষ হোক, চান ৯২ শতাংশ আমেরিকান

আন্তর্জাতিক ডেস্ক : ইরানের বিরুদ্ধে চলমান এই যুদ্ধ প্রয়োজনের চেয়ে বেশি ইচ্ছাকৃত, এমনটাই মনে করেন যুক্তরাষ্ট্রের দুই-তৃতীয়াংশ নাগরিক। সিবিএস নিউজ ও ইউগভের নতুন একটি জরিপে এই তথ্য উঠে এসেছে।

গত ১৭ থেকে ২০ মার্চ পর্যন্ত অনলাইনে এই জরিপ চালানো হয়। এতে ৩ হাজার ৩৩৫ জন প্রাপ্তবয়স্ক মার্কিন নাগরিক মতামত দিয়েছেন।

জরিপে দেখা গেছে, ৬০ শতাংশ মার্কিন নাগরিক ইরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপের বিরোধিতা করেছেন। মাসের শুরুতে এই সংখ্যা ছিল ৫৬ শতাংশ। অর্থাৎ বিরোধিতা আরও বেড়েছে।

প্রায় ৬৮ শতাংশ মানুষ মনে করেন, ট্রাম্প প্রশাসন এই যুদ্ধের লক্ষ্য স্পষ্টভাবে বোঝাতে পারেনি। আর ৫৭ শতাংশ উত্তরদাতা মনে করেন, যুদ্ধ আমেরিকার জন্য খারাপ দিকে যাচ্ছে।

সব মিলিয়ে ৬৬ শতাংশ মানুষ এটাকে 'ইচ্ছাকৃত যুদ্ধ' এবং ৩৪ শতাংশ 'প্রয়োজনীয় যুদ্ধ' বলে মনে করেন। দলীয় বিভাজনও স্পষ্ট। ৯২ শতাংশ ডেমোক্র্যাট ও ৭৩ শতাংশ স্বতন্ত্র ভোটার এটাকে ইচ্ছাকৃত যুদ্ধ মনে করেন। অন্যদিকে ৬৭ শতাংশ রিপাবলিকান যুদ্ধটিকে প্রয়োজনীয় বলে মনে করেন।

তবে একটি বিষয়ে প্রায় সবাই একমত। জরিপে অংশ নেওয়া ৯২ শতাংশ মানুষ বলেছেন, 'এই সংঘাত যত দ্রুত সম্ভব শেষ করা জরুরি।'

যুদ্ধের লক্ষ্য নিয়েও মতামত এসেছে।



EID Mubarak

ঈদ মোবারক

As we celebrate this joyous occasion, we are reminded of the strength, compassion, and unity that define our community. May this Eid bring happiness to every home and inspire us to continue supporting one another.



Eid Mubarak!



Shohel Ahmed
President

Md. Jabed Uddin
Genaral Secretery

ASTORIA WELFARE SOCIETY USA INC

Community Organization (Non Profit)

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল বাংলাদেশের মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মোহাম্মদ খানের প্রশ্ন ঃ
আমি একজন ইউএস সিটিজেন। আমার স্ত্রীর করা আবেদনে আমি গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলাম। আমি এখন একজন ইউএস সিটিজেন। একজন ইউএস সিটিজেন হিসেবে আমি আমার মা বাবার জন্য আবেদন করেছিলাম। আমার করা আবেদনে আমার বাবা গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছেন।

একটি বিষয় সম্পর্কে জানতে আজ আমি আপনার পরামর্শের আশায় এই লেখাটি লিখছি। বাংলাদেশে আমার একবোন আছে। সে তার ছোট একটি বাচ্চাসহ একা থাকে। কারণ তার স্বামীর সাথে তার ডিভোর্স হয়েছে। আমার মা-বাবা তাকে রেখে এখানে এসে খুবই দুশ্চিন্তাগ্রস্ত।

আমি এখন জানতে আগ্রহী যে কেমন করে আমার বোনকে এদেশে আনা যাবে? আমিতো এখন একজন সিটিজেন। সিটিজেন হিসেবে আমি আবেদন করব নাকি আমার মা-বাবা তার জন্যে আবেদন করলে যথ াপযুক্ত হবে?

আমার প্রশ্নের প্রায় একই ধরণের প্রশ্ন মাঝে মধ্যে এই বিভাগে পড়ি। আজ আমি আমার প্রয়োজনে আপনার পরামর্শ কামনা করছি।

মোহাম্মদ খানের প্রশ্নের উত্তর ঃ
আপনি একজন ইউএস সিটিজেন। আর আপনার মা-বাবা গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছেন।

আপনি আপনার মা-বাবার আবেদনকারী ছিলেন। এখন আপনার বোনের ব্যাপারে জানতে ইচ্ছুক যে তার জন্য আপনি আবেদন করবেন নাকি আপনার গ্রিনকার্ডধারী মা-বাবার আবেদন করা উত্তম।

পার্মানেন্ট রেসিডেন্টদের সন্ধান এবং সিটিজেনদের ভাইবোন ঃ

গ্রিনকার্ডধারী হিসেবে পরিবারের নির্দিষ্ট কিছু সদস্যের পার্মানেন্ট রেসিডেন্টদের হিসেবে ইউএসএ'তে আনার জন্য আবেদন করা যায়। যেমন পরিবারের নিম্নে উল্লেখিত কিছু সদস্যের জন্যে আবেদন আইনসম্মত ঃ

স্পাউস (স্বামী/স্ত্রী),
২১ নিম্ন বয়সের সন্তান,
যে কোনো বয়সের অবিবাহিত পুত্র ও কন্যা।

অগ্রাধিকার ভিত্তিক ক্যাটাগরি ঃ
পরিবার ভিত্তিক ইমিগ্রেশনের জন্য অগ্রাধিকার বিষয়ক ক্যাটাগরিসমূহ।

প্রথম অগ্রাধিকার ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত, প্রাপ্তবয়স্ক পুত্র-কন্যা (২১ বছর বা তদূর্ধ্ব বয়সী)।

দ্বিতীয় অগ্রাধিকার ২-এ ঃ গ্রিনকার্ডধারীর স্পাউস, অবিবাহিত পুত্র-কন্যা (২১ নিম্ন বয়সী)।

দ্বিতীয় অগ্রাধিকার (২-বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা।

তৃতীয় অগ্রাধিকার ঃ ইউএস সিটিজেনদের যেকোনো বয়সের বিবাহিত পুত্র-কন্যা।

চতুর্থ অগ্রাধিকার ঃ প্রাপ্তবয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোন।

এখানে উল্লেখ্য যে, পরিবার ভিত্তিক সদস্যদের অগ্রাধিকার নির্ধারিত হবে তাদের ইমিগ্রেশন ভিসার জন্য কত সময় অপেক্ষায় থাকতে হবে। এপ্রিল ২০২৬ এর ভিসা বুলেটিন অনুযায়ী দ্বিতীয় অগ্রাধিকার (২-বি) পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যাদের আনুমানিক অপেক্ষার সময় ৯ বছরের মতো।

চতুর্থ অগ্রাধিকার ক্যাটাগরি অর্থাৎ বয়স্ক ইউএস সিটিজেনদের ভিসা প্রক্রিয়া ধীরে অগ্রসর হওয়ার কারণে- ২০০৮ সালের শুরুতে যারা আবেদন করেছেন তাদের আবেদন প্রক্রিয়াকরণ অবস্থায় আছে। অর্থাৎ এই ক্যাটাগরির প্রক্রিয়ার সময় ১৭ বছরের অধিক লাগছে।

পার্মানেন্ট রেসিডেন্টদের ২১ উর্ধ সন্তানদের ভিসা প্রক্রিয়া ভাইবোনদের চেয়ে দ্রুত হচ্ছে। আবার চতুর্থ অগ্রাধিকার প্রাপ্ত ভাইবোনরা তাদের বিবাহিত ভাইবোনের জন্য আবেদন করতে পারবে।

এপ্রিল ২০২৬ ভিসা বুলেটিন
ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) এপ্রিল ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

এপ্রিল ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কিছু অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস
প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : মে ০১, ২০১৭।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদূর্ধ্ব বয়সী)। মে ০১, ২০১৭।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

ডিসেম্বর ২২, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জুন ০৮, ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

Khalil Biryani House

খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GLOBAL
Tours & Travel

BOOK YOUR FLIGHT
WITH OUR OTA

www.globaltravelbd.com

"We provide 24/7 customer support"

FLIGHT VISA HOTEL



$300 OFF

* Minimum $10000 cash purchase required

CALL NOW
718-406-9745
718-200-2655

Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel

Flight
LOWEST PRICE CHALLENGE



GLOBAL
NY 1 TRAVELS, INC



MIRZA M ZAMAN

আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!

37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

স্বাধীনতা দিবস সংখ্যা ২০২৬

স্বাধীনতা

ল্যাংস্টন হিউজ

স্বাধীনতা আসবে না
আজকে, এই বছরে
না কখনোই
আপস আর ভয়ের মাধ্যমে।

আমারও সমান অধিকার আছে
অন্য যেকারও মতো
দাঁড়াবার
নিজের দু'পায়ে
আর নিজের এই জমি।

ক্লান্ত আমি মানুষদের বলতে শুনি,
ছেড়ে দাও সব নিজের গতিতে।
আগামীকাল আরেকটি দিন।
মৃত অবস্থায় আমার স্বাধীনতা দরকার নেই।

আগামীকালের রুটিতে আমি বাঁচতে পারি না।

স্বাধীনতা
একটি শক্ত বীজ
রোপিত
একটি প্রবল প্রয়োজনে।

আমিও এখানে বাস করি।
আমি আমার স্বাধীনতা চাই
ঠিক তোমার মতোই।

[ল্যাংস্টন হিউজ, ১৯০১ সালের ১ ফেব্রুয়ারি মিসৌরির জোপলিন শহরে জন্মগ্রহণ করেন, তিনি ছিলেন একজন আমেরিকান কবি, সামাজিক কর্মী, ঔপন্যাসিক, নাট্যকার এবং কলাম লেখক। তিনি হারলেম রেনেসাঁসের একজন কেন্দ্রীয় ব্যক্তিত্ব ছিলেন।]

অনুবাদ: **তমিজ উদ্‌দীন লোদী**



রৌদ্রের গম্বুজ

দুখু বাঙাল

আকাশে কোনোদিন আদৌ কোনো তারা ছিল কি-না
তা আমার জানা ছিল না
সবগুলো শব্দনাম তারা বনে যাবার পর থেকেই
আকাশের লগে আমার যা কিছু আত্মীয়তা-
হাসিঠাট্টা, বারবার চোখের জলে ভেসে যাওয়া।
একাত্তরে আমরা একটি রৌদ্রের গম্বুজের জন্য
অনেকগুলো পর্বত উপড়ে ফেলেছিলাম।
নদীতে কোনোদিন নাওসহ কোনো নাইয়া ছিল কি-না
তা আমার জানা ছিল না
সবগুলো শব্দকলা ভাটিয়ালি বনে যাবার পর থেকেই
গাঙের লগে আমার যা কিছু আত্মীয়তা-
নদীর ঢেউগুলো বয়ে আনে প্রতিদিন এক অনন্ত ক্রন্দন,
'আমার ভাইধনেরে কইয়ো নাইওর নিতো বইয়া'।
একাত্তরে আমরা একটি রৌদ্রের গম্বুজের জন্য
অনেকগুলো পর্বত উপড়ে ফেলেছিলাম।

একাত্তর পিতৃতর্জনী ত্রিশ লক্ষ শব্দনাম দুই লক্ষ শব্দকলা
বিনিময়ে একখানি রৌদ্রের গম্বুজ এ-ই আমার স্বাধীনতা।

মার্চের ইশতেহার

এইচ বি রিতা

আবার এ মার্চে দেখি-চেতনার তপ্ত সোপানে
ইতিহাস থমকে দাঁড়িয়েছে: স্তব্ধ সব হিজল ও মাঠ।
তুমি আমি- শহুরে মধ্যবিত্ত, স্মৃতির রোমন্থনে মগ্ন,
অথচ এইখানে বেজেছিল একদা রুদ্রের প্রলয়-পাঠ।

স্নায়ুশিরায় তখন কার না জেগেছে এক দুর্মর সংহতি,
যেখানে প্রলেতারিয়েত ও কৃষকের ঘামে মিশে ছিল রোদ।
রক্তের রেখাটি তো কোনো নিছক রোমান্টিক মায়া নয়,
সে তো ছিন্নমূল মানুষের দীর্ঘ পুঞ্জীভূত ক্রোধ।

শহরের রাজপথে কল্পনায় সেই মিছিলের শব্দ শুনি-
যেখানে থিয়েটার আর স্লোগান মিলেমিশে একাকার।
স্বাধীনতা কি তবে শুধুই এক অলীক ধ্রুপদী রাগ-
নাকি প্রতিটি মিছিলে ফেরা মানুষের অধিকারের চিৎকার?

এলিয়টীয় বিষণ্ণতা মুছে দিয়ে রুখে দাঁড়িয়েছে এই ভূমি,
মার্চের প্রতিটি দিনে শানিত হয়েছে গণজাগরণ।
আমরা তো জানি-পলাতক নয়, বরং যুদ্ধে ফেরাই মুক্তি,
ইতিহাসের চাকায় তাই বারবার চলে এই অবগাহন।

পদ্মা-মেঘনার জলস্রোতে আজও সেই শপথের স্বাক্ষর,
স্বাধীনতা মানে-মানুষের নিজস্ব মানচিত্রের অক্ষর।

অসহিষ্ণু চৌকাঠ

হোসেইন দিলওয়ার

পা দিতে গেলে সব পর হয়ে যায় বলে
হাত বাড়িয়ে মুসাফাহ করি।
এক ফালি সমুদ্র এসে ভিজিয়ে যায় দুই হাত আগুন। আজন্ম অভিনেতা হয়ে
কত আর পাড়ি দেব অসহিষ্ণু চৌকাঠ?

কথা ছিল, কথা থাকে কিন্তু বলা যায় না বলে-
আহত চক্ষু নিয়ে পরখ করি মঞ্চায়িত মানুষদের।
সাদা পৃষ্ঠা কবে থেকে হয়ে আছে কালো
এখনো বুনতে পারিনি সাদা কালির কলম!

জঞ্জালে জড়াবো না ভেবে, হৃদয় রোপণ করি সান্ত্বনা নামক বৃক্ষ
আর পাতা থেকে প্রস্তুত করি জীবনদায়ী মলম।

আশ্চর্য! সবাই কী বেদনাহত, নাকি অতিসুখে ছড়িয়ে দিচ্ছে বিষোদগার?
কোথাও ক্রেতা দেখি না, বিক্রি করতে চেয়েছিলাম-
হৃদয়পৃষ্ট বাঁচিয়ে রাখা বিষাদগ্রস্ত ভিনেগার।

স্বাধীনতার দিন

ইকবাল খান

একদিন লাল-সবুজ রঙে আকাশ বদলে গিয়েছিল,
বাতাসে ছিল দগ্ধ জীবন, আর আশার টুকরো আলো।
মানুষের কণ্ঠে গুঞ্জরিত হয়েছিল একটাই শব্দ-
স্বাধীনতা, আমার জন্মের অধিকার।

গ্রামের পথ বেয়ে বয়ে গিয়েছিল আতঙ্কের নদী,
শহরের ওপর নেমেছিল নির্বাক ধোঁয়ার আবরণ।
কিন্তু মানুষের বুকের ভেতর ছিল জেদী বিশ্বাস,
মাটিকে বাঁচাতে হলে ছিন্ন করতে হবে ভয়।

মা সন্তানকে লুকিয়ে রেখেছিল অন্ধকার ঘরে,
তবু তার চোখে ছিল অদ্ভুত দীপ্ত আশা।
যে দেশকে ভালোবাসা যায় হৃদয়ের মতো,
তাকে রক্ষা করতেই এত ত্যাগ, এত রক্ত।

যুদ্ধ শেষ হলে যখন প্রথম সূর্য উঠল,
বাতাসে ভেসে এসেছিল নতুন জীবনের গন্ধ।
মানুষ দেখেছিল- ধ্বংসের ভেতর থেকেও
জন্ম নিতে পারে দেশ, নতুন আচমকা আলো।

বিজয় শুধু উৎসব নয়-
এটি ফিরিয়ে আনে মানুষের চিরন্তন মর্যাদা।
যে পতাকা আজ উড়ে যাচ্ছে আকাশে,
তাতে লেখা আছে হাজার প্রাণের স্পন্দন।

ঢেউ, প্রেম ও ৭১

গোলাম রববানী

ঢেউয়ে ঢেউয়ে ওঠানামা, সুনামিতে প্রতিশোধ
আর কোনো বাঁধ নয়, নয় কোনো প্রতিরোধ
অসীম জলের বুক, সামুদ্রিক পাখি গাঙচিল,
আলবাট্রোসের ডানা যেন ঠিক বিশ্বস্ত প্রবোধ

অশ্রুজলে চুয়ে চুয়ে যুগলপ্রেমের স্রোতে ভাসে
করুণরসের অথৈজল মিশে আছে রৌদ্ররসে
কেউ বোঝে না এমন জল, জলের সম্ভোগ
অনন্ত নীলের অনলাঙ্গ হিমশৈলের আইসবার্গ

টাইটানিকের ইতিহাস বড় বীভৎস বিভক্ত
এ জলেই এত নরনারী, কত সৃষ্টি বৃষ্টি অনুরক্ত
তুলনায় উড়ে না শিমুল তুলো- ১৭ ফেব্রুয়ারি
যেন যাত্রা শুরু হয় চেতনায় চলন্ত ৭১ নিয়ে

শ্বেতপাথরের স্তম্ভ বাঙালির চিরচেনা প্রেম
পারলৌকিক জীবনে নয়, জাগতিক জীবনের শ্রম
ফালগুনী পূর্ণিমা লাল-সবুজের সোনালি বাসর
কাটে যেন প্রতীক্ষার কাল তামাটে অনুক্ষণ প্রহর

চার্চ ম্যাকডোনাল্ডে হাজারো মুসল্লির অংশগ্রহণে বিশাল ঈদ জামাত







শেষ পৃষ্ঠার পর অনুষ্ঠানে সার্বিক দায়িত্ব পালন করেন বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টার।

মসজিদ কমিটির সভাপতি হেলাল উদ্দীনের সভাপতিত্বে এবং সেক্রেটারী ওমর ফারুকের পরিচালনায় ঈদের জামাত ও মোনাজাত পরিচালনা করেন খতীব হাফেজ মওলানা মাহমুদুল ইসলাম, বয়ান করেন যথাক্রমে ইমাম হাফেজ মওলানা আশ্রাফুল ইসলাম এবং মওলানা দিদারুল আলম। মঞ্চে অন্যদের মাঝে উপস্থিত ছিলেন মওলানা মুজিবুর রহমান ও সিনিয়র সহ সভাপতি আবুল হাশেম শাহাদাত। বিশেষ অথিতি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সিটি কাউন্সিল মেম্বার শাহানা হানিফ। সভাপতি হেলাল উদ্দীন ওনার শুভেচ্ছা বক্তব্যে এই বিশাল জামাতে উপস্থিত হওয়ার জন্য সমবেত মুসল্লীদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পুরো বিশ্ব বিশেষ করে মধ্যপ্রাচ্যে যুদ্ধ বিগ্রহে জড়িত সংশ্লিষ্ট দেশ সমূহের প্রতি শান্তিপ্রিয় মুসলমানদের উপর আগ্রাসন বন্ধ করে শান্তি প্রতিষ্ঠার জোর দাবী জানান।

বায়তুল জান্নাহ মসজিদ কমিটির যে সকল সদস্য ভাইদের অক্লান্ত পরিশ্রমে এই বিশাল আয়োজন সম্ভব হয়েছে সহকারী সেক্রেটারী মোঃ হেলাল উদ্দীন, সহকারী ট্রেজারার ফহিউল আলম, সন্মানীত সদস্য এমলাক হোসাইন ফয়সাল, আব্দুল হান্নান পান্না, ফেরদৌস ওয়াহিদ, মঞ্জুর কাদের সোহাগ, ইকবাল হায়দার, শাহাব উদ্দীন রানা, বখতিয়ার উদ্দীন রানা, নিজাম উদ্দীন, কারী সিরাজ, সায়ীদ আহমেদ, জামশেদ উদ্দীন, আজাদ সেলিম, আব্দুল হালীম সহ মসজিদ পরিচালনা কমিটির সকল সদস্য বৃন্দ এবং যে সকল ধর্মপ্রাণ মুসল্লি গণ সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি সভাপতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।





যুদ্ধ নয় শান্তি কামনা মুসলিম কমিউনিটিতে

৩১-এর পৃষ্ঠার পর কমিটির সভাপতি মোঃ শাহাব উদ্দিনের সভাপতিত্বে হাফেজ মাওলানা লুৎফুর রহমান চৌধুরী, হাফেজ মাওলানা নাসের আহমেদ ও হাফেজ নুর আলম পৃথকভাবে জামাতের নামাজ পড়ান।

মুনা সেন্টার অব নিউইয়র্ক: ওজনপার্কের অন্যতম বৃহৎ মসজিদ মুনা সেন্টার অব নিউইয়র্ক-এর উদ্যোগে নিজস্ব মসজিদ ভবনে দু'টি ঈদের জামাত হয় ২টি যথাক্রমে সকাল সাড়ে ৮টা ও সকাল সাড়ে ৯টায়।

বায়তুল মামুর জামে মসজিদ: ওজনপার্কের বায়তুল মামুর জামে মসজিদ এন্ড কমিউনিটি সেন্টারে ঈদের একটি জামাত হয় সকাল ৮টায়।

পার্কচেষ্টার জামে মসজিদ: ব্রঙ্কসের অন্যতম পার্কচেষ্টার জামে মসজিদে ঈদের দুটি জামাত হয়ে যথাক্রমে সকাল ৮টা ও সকাল ৯টায়।

বাংলাবাজার জামে মসজিদ: ব্রঙ্কসের বাংলাবাজার জামে মসজিদের উদ্যোগে ঈদুল ফিতরের ২টি জামাত অনুষ্ঠিত হয় স্থানীয় পিএস ১০৬ স্কুলের প্লে গ্রাউন্ডে যথাক্রমে সকাল সোয়া ৮টায় ও সকাল ৯টায়।

বাংলাদেশ মুসলিম সেন্টার: ব্রুকলীনের অন্যতম বৃহৎ মসজিদ বাংলাদেশ মুসলিম সেন্টারে ঈদের একটি জামাত হয় সকাল সাড়ে ৮টায়।

বায়তুল জান্নাহ জামে মসজিদ: ব্রুকলীনের বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টারের উদ্যোগে স্থানীয় ৫৬৯ ম্যাকডোনাল্ড এভিনিউতে খোলা রাস্তায় একটি ঈদের নামাজ অনুষ্ঠিত হয় সকাল সাড়ে নয়টায়।

দারুস সালাম মসজিদ: জ্যামাইকার দারুস সালাম মসজিদে ঈদের ৪টি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত সকাল ৭.৩০ মিনিটে, দ্বিতীয় জামাত ৮.৩০ মিনিকে, তৃতীয় জামাত ৯.৩০ মিনিটে এবং চতুর্থ জামাত সকাল ১০.৩০ মিনিটে অনুষ্ঠিত হয়। দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ জামাতে মহিলাদের নামাজ আদায়ের বিশেষ ব্যবস্থা ছিলো।

রিয়াজুল জান্নাহ ইসলামিক সেন্টার: সাউথ জ্যামাইকার রিয়াজুল জান্নাহ ইসলামিক সেন্টার ইনকের উদ্যোগে সকাল সাড়ে ৮টায় স্থানীয় পিএস ৪৮ স্কুল গ্রাউন্ডে একটি ঈদের জামাত হয়।

মসজিদ ইয়াসীন: কুইন্স ভিলেজের মসজিদ ইয়াসীনে দুটি ঈদের জামাত হয় যথাক্রমে সকাল সাড়ে ৮টা ও সাড়ে ৯টায়।

আল কুবা ইসলামিক সেন্টার: আল কুবা ইসলামিক সেন্টার অব জ্যামাইকার উদ্যোগে মসজিদের ভিতরে একটি ঈদের জামাত হয় সকাল আটটায়।

নিউইয়র্ক ঈদগাহ: জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় নিউইয়র্ক ঈদগাহ'র উদ্যোগে ঈদের পাঁচটি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত সকাল সাড়ে সাতটায়, দ্বিতীয় জামাত আটটায়, তৃতীয় জামাত নয়টায়, চতুর্থ জামাত দশটায় এবং পঞ্চম জামাত বেলা ১১টায় অনুষ্ঠিত হয়।

জ্যাকসন হাইটসের মুনা সেন্টার: জ্যাকসন হাইটসের মুনা সেন্টার (মসজিদ নামিরাহ)-এ ঈদুল ফিতর এর একটি জামাত মসজিদের পাশে খোলা আকাশের নিচে রাস্তায় অনুষ্ঠিত হয় সকাল ৮:৩০ মিনিটে।

ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ: ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ এন্ড মুসলিম সেন্টারের উদ্যোগে খোলা মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

উডসাইড মসজিদ: উডসাইড বায়তুল জান্নাহ মসজিদে ঈদুল ফিতরের তিনটি জামাত অনুষ্ঠিত হয়। প্রথম জামাত হবে সকাল সাড়ে ৭টায়, দ্বিতীয় জামাত সকাল সাড়ে ৮টায় এবং তৃতীয় জামাত সকাল পোনে ১০টায় অনুষ্ঠিত হয়। শেষ জামাতে মহিলাদের অংশগ্রহণের সুযোগ ছিলো।

আল ফরুকান মসজিদ: ওজনপার্কের আল ফরুকান মসজিদের উদ্যোগে ঈদের নামাজ হয় স্থানীয় ৭৭ অ্যান্ড গ্র্যানেমার অ্যাভিনিউতে। এখানে দুটি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল আটটায় ও সকাল নয়টায়।

দারুল জান্নাহ মসজিদ: ব্রুকলীনের দারুল জান্নাহ মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে স্থানীয় সি অ্যাভিনিউতে ঈদের জামাত হয় চারটি। প্রথম জামাত সকাল সোয়া সাতটায়, দ্বিতীয় জামাত সকাল সাতটা ৪৫ মিনিটে, তৃতীয় জামাত সকাল সোয়া আটটায় এবং চতুর্থ জামাত সকাল নয়টায় অনুষ্ঠিত হয় বলে জানা গেছে।

নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার: নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় সকাল ৯টায় স্থানীয় ওভাল পার্কে।

এছাড়াও নিউইয়র্ক সিটির বেলাল মসজিদ, জ্যাকসন হাইটসের আল নূর ইসলামিক সেন্টার, নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার, ইকনা প্রভৃতি মসজিদের উদ্যোগের ঈদের জামাত অনুষ্ঠিত হয় বলে জানা গেছে।

অপরদিকে ওয়াশিংটন ডিসিসহ বাংলাদেশী অধ্যুষিত যুক্তরাষ্ট্রের নিউজার্সী, কানেকটিকাট, ম্যারিল্যান্ড, পেনসেলভেনিয়া, ভার্জেনিয়া, ওয়াহিও, ফ্লোরিডা, নর্থ ক্যারোরিনা, সাউথ ক্যারোলিনা, জর্জিয়া, মিশিগান, ক্যালিফোর্নিয়া, টেক্সাস, অ্যারিজোনা প্রভৃতি স্টেটে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হওয়ার খবর পাওয়া গেছে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ঈদ খাদ্যসামগ্রী বিতরণ

শেষ পৃষ্ঠার পর করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের প্রেসিডেন্ট সোহেল আহমেদ। অনুষ্ঠান পরিচালনা করেন জেনারেল সেক্রেটারি মো. জাবেদ উদ্দিন। সভাপতি সোহেল আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যানথেম ব্লু ক্রস অ্যান্ড ব্লু শিল্ডের কমিউনিটি আউটরিচ ম্যানেজার উইন্ডি ডমিঙ্গজ ও লিড মার্কেটপ্লেস ফ্যাসিলিটেটেড এনরোলার মোঃ হাবিবুর চৌধুরী।

এ সময় আরও উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী, চৌধুরী সালেহ, আবদুর রহমান, সহসভাপতি কায়েস আহমেদ, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক মঈনুল হক চৌধুরী, কমিউনিটি এক্টিভিস্ট বশির উদ্দিন, আবদুল খালেক,





আবদুর রব, আল আমিন (জিলা), রাশিদা আক্তারসহ এস্টোরিয়ার অনেক বাসিন্দা। উপস্থিত পরিবারগুলো এ সহযোগিতায় সন্তোষ প্রকাশ করেন। আয়োজকেরা জানান, ভবিষ্যতেও এ ধরনের সমাজসেবামূলক কার্যক্রম অব্যাহত থাকবে এবং আরও বেশি পরিবারের পাশে দাঁড়ানোর চেষ্টা করা হবে।

ট্রাম্পের ৪৮ ঘণ্টার আলটিমেটামের মধ্যে যেসব ঘটনা ঘটল



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পফাইল ছবি: রয়টার্স

সিএনএন : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত শনিবার হুমকি দিয়ে বলেছিলেন, পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ হরমুজ প্রণালি ৪৮ ঘণ্টার মধ্যে খুলে না দিলে হামলা চালিয়ে ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলো গুঁড়িয়ে দেওয়া হবে।

শনিবার যুক্তরাষ্ট্রে পূর্বাঞ্চলীয় সময় সন্ধ্যা ৭টা ৪৪ মিনিটে ট্রাম্প নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এই হুমকি দিয়ে পোস্ট করেন। সে অনুযায়ী তাঁর দেওয়া সময়সীমা আজ সোমবার সন্ধ্যা ৭টা ৪৪ মিনিটে (তেহরান সময় সোমবার দিবাগত রাত ৩টা ১৪ মিনিট) শেষ হওয়ার কথা ছিল।

ট্রাম্পের হুমকির পরদিন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাগের গালিবাফ বলেন, যুক্তরাষ্ট্র যদি ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলোকে লক্ষ্যবস্তু করে, জবাবে মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ অবকাঠামো ও জ্বালানিকেন্দ্রগুলো 'স্থায়ীভাবে ধ্বংস' করে দেওয়া হতে পারে।

ইরানের আধা সরকারি সংবাদমাধ্যম মেহের নিউজ উপসাগরীয় অঞ্চলের বিদ্যুৎকেন্দ্রগুলোর একটি মানচিত্র প্রকাশ করে হুঁশিয়ারি দিয়ে বলেছে, ট্রাম্প যদি তাঁর হুমকি বাস্তবায়ন করেন, তবে এ অঞ্চলের দেশগুলো যেন 'বিদ্যুৎকে বিদায় জানায়'।

জাতিসংঘের সামুদ্রিক সংস্থায় নিযুক্ত ইরানের প্রতিনিধি গতকাল রোববার জানান, 'ইরানের শত্রু' দেশগুলোর জাহাজ বাদে বাকি সবার জন্য হরমুজ প্রণালি উন্মুক্ত রয়েছে। তবে দিনের শেষভাগে ইরানের সশস্ত্র বাহিনীর সদর দপ্তর ঘোষণা দেয়, যুক্তরাষ্ট্র যদি বিদ্যুৎকেন্দ্রে হামলা চালায়, তবে তারা অনির্দিষ্টকালের জন্য এই প্রণালি বন্ধ করে দিতে প্রস্তুত।

আজ ইরানের ইসলামী বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) আবারও জানিয়েছে, দেশের বিদ্যুৎকেন্দ্রে যেকোনো হামলার একই ধরনের জবাব দেওয়া হবে।

এর কয়েক ঘণ্টা পর প্রেসিডেন্ট ট্রাম্প জানান, সপ্তাহান্তে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে 'ফলপ্রসূ আলোচনা' হয়েছে এবং তিনি ইরানের বিদ্যুৎ ও জ্বালানিকেন্দ্রগুলোয় হামলা পাঁচ দিনের জন্য স্থগিত রাখবেন।

তবে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাত দিয়ে দেশটির বেশ কিছু রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, ওয়াশিংটনের সঙ্গে কোনো ধরনের আলোচনার কথা তেহরান অস্বীকার করেছে। তারা ট্রাম্পের এই দাবিকে জ্বালানির দাম কমানো এবং সামরিক পরিকল্পনার জন্য সময়ক্ষেপণের কৌশল হিসেবে দেখছে।

হেগসেথের সংবাদ সম্মেলনে নিষিদ্ধ হলো পেন্টাগনেরই সংবাদমাধ্যম

আজকের পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন তার নিজের সংবাদপত্র 'স্টারস অ্যান্ড স্ট্রাইপস'-কে প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের সর্বশেষ প্রেস কনফারেন্সে উপস্থিত থাকার অনুমতি দেয়নি। ধারণা করা হচ্ছে, ইরান যুদ্ধ সংক্রান্ত সংবাদ প্রচারের ওপর কড়াকড়ি আরোপের অংশ হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

পত্রিকাটির প্রতিবেদক ম্যাথিউ অ্যাডামস সামাজিক যোগাযোগমাধ্যমের এক পোস্টে বলেন, 'পেন্টাগন থেকে এই সংবাদ সম্মেলনে অংশ নেওয়ার অনুমোদন পায়নি স্টারস অ্যান্ড স্ট্রাইপস। আমাকে ছিনে এটি দেখতে হচ্ছে।' তিনি পেন্টাগনের একটি সাম্প্রতিক নির্দেশনার কথা উল্লেখ করেন, যেখানে পত্রিকাটির বিষয়বস্তু বা কনটেন্ট ঢেলে সাজানোর নির্দেশ দেওয়া হয়েছিল।

আরেক প্রতিবেদক কেভিন ব্যারন এই ঘটনায় বিস্ময় প্রকাশ করে বলেন, 'পেন্টাগন কি তবে তার নিজের সংবাদপত্রকেই কালো তালিকাভুক্ত করল? মনে রাখা প্রয়োজন, স্টারস অ্যান্ড স্ট্রাইপস-এর কর্মীরা মূলত মার্কিন সেনাবাহিনীর বেসামরিক সদস্য এবং তাদের সম্পাদকীয় স্বাধীনতা কংগ্রেস দ্বারা সুরক্ষিত, যাতে রাজনৈতিক নেতারা সেনাদের ওপর প্রোপাগান্ডা চালাতে না পারে।'

বাক্‌স্বাধীনতা বিষয়ক সংস্থা 'পেন আমেরিকা'-র টিমোথি রিচার্ডসন বলেন, 'নতুন নির্দেশিকাগুলো স্পষ্ট ইঙ্গিত দিচ্ছে যে, পেন্টাগন এই প্রকাশনাটিকে নিজেদের প্রচারযন্ত্র হিসেবে ব্যবহার করতে চাইছে। এটি সংবিধানের প্রথম সংশোধনীর পরিপন্থী।'

গত জানুয়ারিতে পেন্টাগনের প্রধান মুখপাত্র শন পার্নেল ঘোষণা করেছিলেন, ট্রাম্প প্রশাসন স্টারস অ্যান্ড স্ট্রাইপস-কে 'আধুনিক' করতে চায় এবং 'উইক ডিস্ট্রাকশন' বা তথাকথিত অপ্রাসঙ্গিক বিষয়গুলো বাদ দিয়ে সেনাদলের মনোবল বাড়াতে মনোযোগ দিতে চায়। নতুন নীতিমালায় বলা হয়েছে, পত্রিকাটি সম্পাদকীয় স্বাধীনতা বজায় রাখবে ঠিকই, তবে তাদের অবশ্যই 'সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিক' কনটেন্ট প্রকাশ করতে হবে।

পত্রিকাটির সম্পাদক এরিক স্লাভিন মার্কিন সংবাদমাধ্যম ন্যাশনাল পাবলিক রেডিওকে (এনপিআর) জানান, পেন্টাগনের নতুন নির্দেশনার কারণে তারা দ্বিধায় পড়ে গেছেন। তিনি বলেন, 'আমরা যদি এমন কোনো প্রতিবেদন প্রকাশ করি যা প্রতিরক্ষা দপ্তরের পছন্দ হলো না, তবে কি আমাদের আইনি জটিলতায় পড়তে হবে? আমরা এর উত্তর জানি না।' আশ্চর্যের বিষয় হলো, স্লাভিন এই নতুন নীতিমালা সম্পর্কে জানতে পেরেছেন এটি জারির তিন দিন পর।



গত বৃহস্পতিবার পেন্টাগনের সংবাদ সম্মেলনে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। ছবি: সংগৃহীত

ব্রিটিশ দৈনিক ইন্ডিপেনডেন্টের প্রতিবেদন থেকে জানা যায়, ট্রাম্প তাঁর প্রথম মেয়াদে এই পত্রিকাটি বন্ধের চেষ্টা রুখে দিয়েছিলেন এবং এটিকে সামরিক বাহিনীর তথ্যের চমৎকার উৎস বলে অভিহিত করেছিলেন। তবে বর্তমানে ইরান যুদ্ধ নিয়ে নেতিবাচক সংবাদ প্রচার ঠেকাতে হেগসেথ ও ট্রাম্প সংবাদমাধ্যমের ওপর আরও কঠোর হয়েছেন।

হেগসেথ অভিযোগ করেছেন, গণমাধ্যম ইরান পরিস্থিতিকে বিকৃতভাবে উপস্থাপন করে যুক্তরাষ্ট্রকে ছোট করছে। তিনি গত বৃহস্পতিবার সমালোচনামূলক সংবাদ কভারেজের নিন্দা জানিয়ে বলেন, 'ট্রাম্প-বিদ্বেষী সংবাদমাধ্যমগুলো আমাদের অগ্রগতিকে খাটো করে দেখাচ্ছে।' অন্যদিকে, প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, কোনো সংবাদমাধ্যম যদি 'ভুয়া' খবর প্রচার করে, তবে তাকে 'দেশদ্রোহিতা' হিসেবে গণ্য করা হতে পারে।



'স্টারস অ্যান্ড স্ট্রাইপস' হলো মার্কিন সামরিক বাহিনীর প্রকাশিত একটি সংবাদপত্র। ছবি: সংগৃহীত

বিশ্বজুড়ে আমেরিকানদের সতর্কতা অবলম্বনের আহ্বান

অনলাইন ডেস্ক : মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার কারণে মার্কিন পররাষ্ট্র দপ্তর বিশ্বজুড়ে আমেরিকানদের জন্য একটি হালনাগাদ সতর্কতা জারি করেছে। এতে আহ্বান করা হয়েছে, বিশ্বজুড়ে এবং বিশেষ করে মধ্যপ্রাচ্যে আমেরিকানদের আরো বেশি সতর্কতা অবলম্বন করতে। এতে আরো বলা হয়েছে, 'মাঝেমধ্যে আকাশপথ বন্ধের কারণে ভ্রমণে বিঘ্ন ঘটতে পারে। মধ্যপ্রাচ্যের বাইরেও মার্কিন কূটনৈতিক স্থাপনাগুলো হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে।

ইরান-সমর্থক গোষ্ঠীগুলো বিদেশে অন্যান্য মার্কিন স্বার্থ অথবা বিশ্বজুড়ে আমেরিকানদের সঙ্গে সম্পর্কিত স্থানগুলোকে লক্ষ্যবস্তু করতে পারে।'

বিদেশে অবস্থানরত আমেরিকানদের নিকটতম মার্কিন দূতাবাস বা কনস্যুলেটের নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। এই সতর্কতা এমন এক সময়ে এসেছে যখন, ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েলি হামলা চতুর্থ সপ্তাহে প্রবেশ করেছে এবং তেহরান পাল্টা হিসেবে ইসরায়েল, জর্দান, ইরাক ও মার্কিন সামরিক সরঞ্জাম থাকা উপসাগরীয় দেশগুলোকে লক্ষ্য করে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালাচ্ছে।

এই হামলাগুলো ২৮ ফেব্রুয়ারি শুরু হয়েছিল এবং এতে তৎকালীন সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ অন্তত এক হাজার ৩০০ জন নিহত হয়েছেন বলে জানা গেছে।

ভেনেজুয়েলার সঙ্গে যুক্তরাষ্ট্রের বড় চুক্তি

আন্তর্জাতিক ডেস্ক : ভেনেজুয়েলার রাষ্ট্রায়ত্ত খনি কোম্পানি গত সোমবার যুক্তরাষ্ট্রের সঙ্গে বিশাল এক স্বর্ণ চুক্তিতে স্বাক্ষর করেছে। চুক্তি অনুযায়ী, সর্বোচ্চ ১ হাজার কেজি স্বর্ণ যুক্তরাষ্ট্রে বিক্রি করা হবে। বিষয়টি মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস দুই সূত্রের মাধ্যমে নিশ্চিত করেছে।

চুক্তিটি ভেনেজুয়েলা ও যুক্তরাষ্ট্রের ক্রমবর্ধমান বাণিজ্যিক সম্পর্কের প্রমাণ হিসেবে ধরা হচ্ছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর ওপর নেওয়া পদক্ষেপের পর থেকে দেশটির তেল ও খনিজ সম্পদের ওপর যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ আরও শক্ত হয়েছে।

সূত্রগুলো জানিয়েছে, স্বর্ণ চুক্তির আওতায় ভেনেজুয়েলার খনি প্রতিষ্ঠান মিনারভেনকে ৬৫০-১,০০০ কেজি 'গোল্ড ডোরে' বার সরবরাহ করতে হবে। পরে এগুলো বাণিজ্য প্রতিষ্ঠান ট্রাফিগুরার মাধ্যমে যুক্তরাষ্ট্রের বিভিন্ন রিফাইনারিতে পৌঁছানো হবে। সরবরাহকৃত স্বর্ণের বিশুদ্ধতা ৯৮ শতাংশ হবে।

যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রী ডগ বার্গাম বুধবার ভেনেজুয়েলায় পৌঁছে তেল ও খনিজ সম্পদ নিয়ে আলোচনা করেন এবং চুক্তি বাস্তবায়নে অংশগ্রহণ করেন।

বর্তমানে বিশুদ্ধ স্বর্ণের দাম কেজিপ্রতি প্রায় ১ লাখ ৬৬ হাজার ডলার। বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তার কারণে স্বর্ণের মূল্য বাড়ছে। একই সময়ে, ইরানে হামলার পর তেলের দামও আন্তর্জাতিক বাজারে বৃদ্ধি পেতে শুরু করেছে।



এটি ট্রাম্প প্রশাসনের তত্ত্বাবধানে ভেনেজুয়েলার সম্পদের ওপর তৃতীয় চুক্তি। এর আগে যুক্তরাষ্ট্র দেশটির তেল খাত নিয়ন্ত্রণে এনেছিল, যেখানে ট্রাফিগুরারও অংশ ছিল।

ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশালে জানিয়েছেন, তেল প্রবাহ শুরু হয়েছে এবং দুই দেশের মধ্যে পেশাদারিত্ব ও নিষ্ঠার সমন্বয় প্রশংসনীয়। একই সঙ্গে ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজকে প্রশংসা করেছেন। রদ্রিগেজ বৈঠকের পর দেশটির খনি আইন সংস্কারের পরিকল্পনার ঘোষণা দিয়েছেন।

যদিও মাদুরোকে ক্ষমতাচ্যুত করার পর যুক্তরাষ্ট্রের সম্পদ নিয়ন্ত্রণ নিয়ে কংগ্রেসের ডেমোক্র্যাট ও উদারপন্থীদের সমালোচনা রয়েছে, তথাপি চুক্তি অনুযায়ী বর্তমানে ভেনেজুয়েলাই বেশি উপকৃত হচ্ছে। দেশটি যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশাধিকার ও স্থিতিশীল আর্থিক সুবিধা পাচ্ছে। আগে যেখানে দুর্নীতি ও কালোবাজারি ছিল, এখন স্বর্ণের আয় সরাসরি ভেনেজুয়েলার সরকার ও জনগণের কাছে পৌঁছাবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

নির্বাচন বিতর্ক জিইয়ে রেখে বিএনপির ওপর চাপ তৈরির চেষ্টায় জামায়াত

৩-এর পৃষ্ঠার পর

২১২টি আসনে জয়লাভ করেছে। অন্যদিকে জামায়াত এককভাবে ৬৮টি এবং জোটগতভাবে ৭৭টি আসনে জয়লাভ করেছে।

এদিকে যে ৩২টি আসনে ভোট পুনর্গণনার দাবি জানানো হয়েছিল, তার মধ্যে ঢাকা-৬, নারায়ণগঞ্জ-২ ও নারায়ণগঞ্জ-৩ আসনের উল্লেখ ছিল না। এই আসনগুলোয় জয়ী ও বিজিতের ভোটের ব্যবধানও তুলনামূলক বেশি। ঢাকা-৬ আসনে ব্যবধান ২৩ হাজারের বেশি। নারায়ণগঞ্জ-২ আসনে ব্যবধান ৪২ হাজারের বেশি এবং নারায়ণগঞ্জ-৩ আসনে ব্যবধান সাড়ে ২০ হাজার। এর ফলে ভোট নিয়ে অভিযোগ শেষ পর্যন্ত ৩২ আসনে সীমাবদ্ধ থাকবে কি না, সে আলোচনা শুরু হয়েছে।

জামায়াত নেতারা বলছেন, যেসব আসনে ভোটের তথ্য-উপাত্তে গরমিল পাওয়া যাচ্ছে, সেসব আসনের প্রার্থীরাই আদালতে যাচ্ছেন। ৩২টি আসনের বাইরেও যদি একই ধরনের তথ্য পাওয়া যায়, তবে সেসব আসনের প্রার্থীরাও আদালতে যেতে পারেন। এতে আদালতে চ্যালেঞ্জ করা আসনের সংখ্যা আরও বাড়তে পারে।

আপাতত সাবেক দুই উপদেষ্টার বিচারের দাবি করছি, সময়ের প্রয়োজনে বাকিদের বিষয়ে কথা বলব।

দলটির নেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, ৩২টি আসনে পুনর্গণনার দাবি মূলত একটি রাজনৈতিক বার্তা দিতেই করা হয়েছে। এর মাধ্যমে নির্বাচনের ফলাফল নিয়ে প্রশ্ন জিইয়ে রাখা এবং সরকারকে রাজনৈতিকভাবে চাপে রাখাই মূল লক্ষ্য। একই সঙ্গে সংসদের ভেতরে ও বাইরে বিভিন্ন ইস্যুতে শক্ত অবস্থান তৈরির চেষ্টা করছে জামায়াত।

নির্বাচন পরবর্তী জামায়াতের রাজনৈতিক কৌশল বিষয়ে জানতে প্রথম আলো কথা বলেছে দলটির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের দুজন এবং সংসদ নির্বাচন পরিচালনা কমিটির একজন সদস্যের সঙ্গে। তাঁরা জানান, নির্বাচনের ইস্যু সক্রিয় রাখতে তাঁরা আইনি লড়াই চালিয়ে যেতে চান।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের বলেন, নির্বাচন কমিশনে যেসব আসনের বিষয়ে অভিযোগ করা হয়েছে, তার বাইরেও যদি পর্যাপ্ত তথ্য পাওয়া যায়, তবে প্রার্থীরা আদালতের দ্বারস্থ হতে পারেন। সে ক্ষেত্রে ফল চ্যালেঞ্জ করা আসনের সংখ্যা বাড়তে পারে।

দুই সাবেক উপদেষ্টাকে নিয়ে বিতর্ক তৈরি

নির্বাচন নিয়ে বিতর্ক জোরালো করতে অন্তর্বর্তী সরকারের সাবেক দুই উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ও খলিলুর রহমানের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছে জামায়াত। একটি টেলিভিশন সাক্ষাৎকারে সৈয়দা রিজওয়ানা হাসানের বক্তব্যের প্রসঙ্গ টেনে নির্বাচনে কারচুপির অভিযোগ করেছে দলটি। একই সঙ্গে উপদেষ্টার দায়িত্ব পালন করে আসা খলিলুর রহমানকে বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী করার বিষয়টিও প্রশ্নবিদ্ধ বলে উল্লেখ করছে তারা।

জামায়াতের অভিযোগ, অন্তর্বর্তী সরকারের সময় বিএনপিকে সুবিধা দেওয়ার 'পুরস্কার' হিসেবেই খলিলুর রহমানকে মন্ত্রিসভায় নেওয়া হয়েছে।

৫ মার্চ জামায়াত সংবাদ সম্মেলন করে সাবেক দুই উপদেষ্টাকে আইনের আওতায় এনে জিজ্ঞাসাবাদ ও বিচারের দাবি জানায়। তাঁদের বিরুদ্ধে 'ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের' অভিযোগও তোলে দলটি। এরপর একাধিকবার একই প্রসঙ্গে বক্তব্য দিয়েছেন জামায়াতের নেতারা।

মার্চ রাজধানীতে বিক্ষোভ সমাবেশ থেকে নির্বাচনে অনিয়মের পাশাপাশি দুই উপদেষ্টার ভূমিকা নিয়েও প্রশ্ন তোলে জামায়াতে ইসলামী

তবে এ বিষয়ে জামায়াতের আমির শফিকুর রহমান প্রথম কথা বলেন ৯ মার্চ। রাজধানীতে এক ইফতার অনুষ্ঠানে তিনি বলেন, 'নির্বাচনের আগে আমরা বড় গলায় বলেছি, আমরা কোনো দলের বিজয় চাই না। আমার দলের নাম ধরেই বলেছিলাম যে এই দলের বিজয় চাই না। আমরা চাই ১৮ কোটি মানুষের বিজয়। ওই বিজয় অর্জিত হয়নি। ভোটের অধিকার লঙ্ঘিত হয়েছে। সবকিছু এখন স্পষ্ট দিবালোকে এসে গেছে। আবার সাক্ষীও পাওয়া যাচ্ছে। বিচার এখন জনতার আদালতে এবং সেই বিচারের রায় জনতার পক্ষেই আসবে, ইনশা আল্লাহ।'

নির্বাচনের দুই দিন পর গত ১৫ ফেব্রুয়ারি ৩২টি আসনে ভোট পুনর্গণনার দাবি জানিয়ে ইসিতে আবেদন করে ১১-দলীয় নির্বাচনী ঐক্য। এসব আসনের মধ্যে ২৫টিতে জামায়াত, ৩টিতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ২টি আসনে খেলাফত মজলিস এবং ১টি করে আসনে বাংলাদেশ খেলাফত মজলিস ও লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) প্রার্থী ছিলেন।

বিষয়টি নিয়ে জামায়াতের অন্তত তিনজন কেন্দ্রীয় নেতার সঙ্গে কথা বলেছে প্রথম আলো। তাঁরা বলেছেন, দুজন সাবেক উপদেষ্টার বিচারের দাবি জানিয়ে নির্বাচনে তাঁদের ভূমিকা বিতর্কিত ছিল এমন আলোচনা জোরালো রাখতে চায় জামায়াত। তবে তাঁরা সাবেক দুই উপদেষ্টার প্রসঙ্গ টেনে অন্তর্বর্তী সরকারের পুরো উপদেষ্টা পরিষদকে দোষারোপ করতে চায় না।

তাঁদের মতে, অন্তর্বর্তী সরকারের পুরো অংশের নয়, বরং কারও কারও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন আছে। সেই সংখ্যা দুইয়ের অধিক। তবে অন্যদের নাম এখনই প্রকাশ করতে চান না জামায়াত নেতারা।

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার ৬ মার্চ বলেন, তাঁরা আপাতত সাবেক দুই উপদেষ্টার বিচারের দাবি করেছেন। সময়ের প্রয়োজনে অন্যদের বিষয়ে কথা বলবেন।

মিয়া গোলাম পরওয়ার বলেন, 'জিজ্ঞাসাবাদের দাবি তো আমরা করছি। এটা এ কারণে, এই অভিযোগের তদন্তের প্রয়োজনে তো জিজ্ঞাসাবাদ প্রয়োজন। এ কাজ সরকার করবে, না জুডিশিয়ারি তদন্তের মাধ্যেম করা হবে, সেটা সরকার উইল ডিসাইড। কিন্তু আমরা দাবিটা করতেছি। আপাতত এই পর্যায়ে আমরা আছি।'

জামায়াত নেতারা মনে করেন, সংসদ নির্বাচনে কিছু কারচুপি হয়েছে। সবচেয়ে বেশি হয়েছে ভোট গণনায়। এসব বিষয়ে তাঁরা নিয়মতান্ত্রিক উপায়ে প্রতিবাদ জানিয়ে যাচ্ছেন। তবে এখনই মাঠে শক্ত অবস্থানে যাওয়ার চিন্তা করছেন না।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন বড় ব্যবসা নতুনভাবে বিনিয়োগ করতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেয়ে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পারেন।

আমাদের ১ মিলিয়ন বা তারচেয়ে বেশী ব্যবসা বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেয়ে পারেন।

বিশেষভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাহায্যে পরিশোধ করতে পারেন।

দেশে কোন জোপার্জিত সম্পত্তি/পরিবারের হাতে আপনি ও আপনার পরিবার বা ভাইবোন সুবিধা নিয়ে পারেন এবং দু'জন পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করপোরেশন, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিবিসম্বত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

নিউকার্কে ঈদ ফেস্টিভাল অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠার পর সহযোগিতা করে স্থানীয় বেলাল মসজিদ। আয়োজকরা জানান, ২০১৯ সাল থেকে শুরু হওয়া এই ঈদ উৎসবে এবছর প্রায় ৫০০ মানুষ অংশগ্রহণ করে। সামাজিক যোগাযোগ মাধ্যমের কারণে তরুণ প্রজন্মের মধ্যে যে দূরত্ব তৈরি হয়েছে, তা কমিয়ে তাদের পারস্পরিক যোগাযোগ বাড়ানো এবং নিজস্ব সংস্কৃতির সাথে পরিচিত করার লক্ষ্যেই এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। উৎসবে শিশু-কিশোরসহ সব বয়সী মানুষের জন্য ছিল নানা আয়োজন। ডোনাট, ক্যান্ডি, বেলুন, খেলনা, চটপটি, ফিরনি, সেমাই, হালিম, বিরিয়ানি ছাড়াও চা ও কফির ব্যবস্থা করা হয়।





PROFESSIONAL JOB TRAINING

Are you ready to build a high-demand career in international trade?

We can train you to become a qualified candidate for a white-collar job

Job description

- Customs Entry Writer
- Import Compliance Manager
- Accounting Jobs

Program Details

- Duration: 1-Year Online Course
- Total: 48 Classes (2 Hours Each)
- Format: Live Online Training

Eligibility Requirements:

- Minimum 4-year bachelor's degree (or currently completing one) from a U.S. college/university or overseas must be needed.
- Applicants must qualify before enrolling in this professional training program.
